ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



সিকান্দর হয়ে উঠতে ব্যাপক প্রস্তুতি পৃঃ ৫



হল্যান্ডের হ্যাটট্রিকে বড় জয় সিটির পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২৩৭ ● কলকাতা ● ১৩ ভাদ্র, ১৪৩১ ● শুক্রবার ● ৩০ আগস্ট, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## অবসরকালীন ভাতা বাড়ল

### সিভিক ও গ্রামীণ পুলিশের, কত টাকা বাড়ল?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পুজোর আগেই সুখবর রাজ্যের সিভিক ভলান্টিয়ার ও গ্রামীণ পুলিশের (ভিলেজ পুলিশ) কর্মীদের জন্য। এক ধাক্কায় সিভিক ভলান্টিয়ার ও ভিলেজ পুলিশের অবসরকালীন ভাতা তিন লক্ষ টাকা থেকে বাড়িয়ে ৫ লক্ষ টাকা করল রাজ্য সরকার। অর্থ দফতরের পাশাপাশি বৃহস্পতিবার রাজ্য স্বরাষ্ট্র দফতরের তরফে এ সংক্রান্ত ম্যাচিং অর্ডার জারি করা হয়েছে।সম্প্রতি রাজ্য সরকারের তরফে এক বিজ্ঞপ্তিতে সিভিক ভলান্টিয়ার ও ভিলেজ পুলিশের পুজো বোনাস বাড়ানোর কথা জানানো হয়েছিল। গত বছর পুজো বোনাস হিসাবে ৫ হাজার ৩০০ টাকা করে পেয়েছিলেন তাঁরা। এবার তা বাড়িয়ে ৬ হাজার টাকা করা হয়েছে। পুজো বোনাস বাড়ানোর পাশাপাশি এবার সিভিক ভলান্টিয়ারদের

এরপর ৩ পাতায়

## মহিলা পুলিশ অফিসারের শ্লীলতাহানি,

### তৃণমূল নেতার বিরুদ্ধে জামিন অযোগ্য ধারায় মামলা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গোঘাট থানার মহিলা পুলিশ অফিসারকে নিগ্রহের অভিযোগ। ঘটনায় গোঘাট থানায় স্বতঃপ্রণোদিত মামলা রুজু হয়েছে অভিযুক্ত তৃণমূল নেতা সঞ্জয় খানের বিরুদ্ধে। পুলিশের কাজে বাধা, মহিলা পুলিশ অফিসারের শ্লীলতাহানি একাধিক জামিন অযোগ্য ধারায় মামলা রুজু করেছে গোঘাট থানার পুলিশ। যদিও এখন পর্যন্ত অভিযুক্ত তৃণমূল নেতা গ্রেফতার হয়নি।ঘটনাস্থলে হাজির হন স্থানীয় তৃণমূল কংগ্রেসের নেতৃত্ব। তাতে আরও অপ্রীতিকর পরিস্থিতি তৈরি হয়। ঝামেলার কথা শুনতে পেয়ে ওই জায়গায় পৌঁছে যান গোঘাট ১ নম্বর ব্লক তৃণমূল কংগ্রেস সভাপতি সঞ্জিত পাখিরা। তাঁর বক্তব্য, "বিষয়টি আমার জানা ছিল না। খবর পেয়ে যাই। পুলিশ প্রশাসন তাদের কাজ করেছে। দলে অনেক রকমের ছেলে রয়েছে। কেউ একটু চেঁচিয়ে ফেলতে পারে।"

মহিলা অফিসার তৃণমূল নেতা সঞ্জয় খানকে আটক করারও নির্দেশ দেন। অন্য এক পুলিশ আধিকারিক অভিযুক্তকে আটক না করেই ছেড়ে দেন। পরে ওই মহিলা অফিসারের অভিযোগের ভিত্তিতে অভিযুক্ত তৃণমূল নেতার বিরুদ্ধে একাধিক জামিন অযোগ্য ধারায় মামলা রুজু হয়েছে। কিন্তু এখনও গ্রেফতার করা হয়নি অভিযুক্তকে।পরবর্তীতে দলীয় চাপে পড়ে ওই তৃণমূল নেতার ক্ষমা প্রার্থনার ফেসবুক পোস্ট। ইতিমধ্যেই শাসকদলের ভেতরেই নিন্দার ঝড় উঠেছে।

উল্লেখ্য, বুধবার গোঘাটে কর্তব্যরত মহিলা অফিসারের সঙ্গে তুমুল বচসায় জড়িয়ে

এরপর ৩ পাতায়

## তড়িঘড়ি দিল্লি যাচ্ছেন রাজ্যপাল



বৃহস্পতিবার রাজভবনে সুকান্ত মজুমদার এবং দিলীপ ঘোষ। - নিজস্ব চিত্র।

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দিল্লি যাচ্ছেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। বৃহস্পতিবার বিকেলেই রাজধানীর উদ্দেশে রওনা দেবেন তিনি। বৃহস্পতিবার তাঁর সঙ্গে দেখা করতে রাজভবনে গিয়েছেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এবং দিলীপ ঘোষ। তাঁদের সঙ্গে সাক্ষাতের পরেই রাজ্যপাল দিল্লি যাবেন বলে খবর। রাজভবন সূত্রে জানা গিয়েছে, রাজ্যপালকে ডেকে পাঠিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।বুধবার মেয়ো রোডের সভা থেকে আরজি কর প্রসঙ্গে কথা বলতে গিয়ে মমতা বলেন, "আমরা বলেছিলাম বদলা নয়, বদল চাই। আজ বলছি, ওই কথা নয়। আজ বলছি, যেটা করার দরকার, সেটা আপনারা ভাল বুঝে করবেন।" শাহকে লেখা চিঠিতে এই মন্তব্য উদ্ধৃত করেছিলেন সুকান্ত। তাঁর বক্তব্য ছিল, "পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর নির্লজ্জ মন্তব্যের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। এর মাধ্যমে তিনি বদলার রাজনীতিকেই প্রশ্রয় দিচ্ছেন।" এ ছাড়া, মমতার আরও একটি মন্তব্য নিয়ে বিতর্ক তৈরি হয়েছিল। তিনি বলেছিলেন, "বাংলায় আগুন জ্বললে অসম, বিহার, ঝাড়খণ্ড, ওড়িশা এবং দিল্লিও জ্বলবে।" এই মন্তব্যের পরে অসম, ওড়িশার মতো বিজেপি শাসিত রাজ্যগুলি মমতাকে একযোগে আক্রমণ করেছিল। তাঁর মন্তব্যের প্রতিবাদ করেন অসমের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা এবং ওড়িশার মুখ্যমন্ত্রী মোহনচরণ মাঝি। কেন্দ্রকে চিঠি দেওয়ার পর সুকান্ত রাজ্যপালের কাছেও মমতার মন্তব্যের বিরোধিতা করেছেন। তার পরেই দিল্লি থেকে রাজ্যপালকে ডাকা হয়েছে বলে সূত্রের খবর।সেই তলবেই তড়িঘড়ি দিল্লি যাচ্ছেন তিনি। বাংলার সাম্প্রতিক পরিস্থিতি নিয়ে রাজ্যপালের সঙ্গে শাহের আলোচনা হতে পারে।মুখ্যমন্ত্রীর মন্তব্যে উদ্বেগ প্রকাশ করে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে চিঠি লেখার পর বৃহস্পতিবার রাজ্যপালের সঙ্গেও দেখা করেছেন সুকান্ত। সেখানেও এই সংক্রান্ত অভিযোগ জানিয়েছেন এবং উদ্বেগ প্রকাশ করেছেন। রাজভবন থেকে বেরিয়ে সুকান্ত বলেন, "রাজ্যের সর্বোচ্চ পদে থেকে কেউ এই ধরনের মন্তব্য করতে পারেন বলে আমার মনে হয় না। ওঁর মন্তব্যের কথা বাংলাদেশের জামাতের মিল পাওয়া যাচ্ছে। অসম, ওড়িশার মতো রাজ্যের বিরুদ্ধেও কথা

এরপর ৩ পাতায়

## নবান্ন অভিযানে


### তাণ্ডবের অভিযোগে গ্রেফতার যুবক-তরুণী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** হাসপাতালের তরুণী চিকিৎসককে ধর্ষণ করে খুন করা হয়েছে। এই নিয়ে এখন তদন্ত করছে সিবিআই। ইতিমধ্যেই ১৫ দিন কেটে গিয়েছে। কাউকে গ্রেফতার করতে পারেনি দেশের এক নম্বর তদন্তকারী সংস্থা। সঞ্জয় রায়কে গ্রেফতার করেছে কলকাতা পুলিশ। এখন সে সিবিআইয়ের হাতে। জেল হেফাজতে আছে অভিযুক্ত সঞ্জয়।নবান্ন অভিযানের নামে তাণ্ডবের দু'দিনের মাথায় এদের গ্রেফতার করা হল। এদের জেরা করে বাকিদের নাগাল পেতে চাইছে পুলিশ। যে দু'জনকে আজ গ্রেফতার করা হয়েছে তারা বিজেপির সঙ্গে যুক্ত বলে সূত্রের খবর। এতে বিপাকে পড়ে গিয়েছে গেরুয়া শিবির। আন্দোলনের নামে তাণ্ডব বরদাস্ত করা হবে না বলে পুলিশ এবং মুখ্যমন্ত্রী

এরপর ৩ পাতায়



# মায়েদের চোখের জলে ধ্বংস হবে মমতা দাবি শুভেন্দুর



**কলকাতা: নিউজ সারাদিন :** মায়েদের চোখের জলেই ধ্বংস হবেন মমতা বন্দ্যোপাধ্যায়। কলকাতা ও রাজ্য পুলিশের অবস্থা হবে বাংলাদেশের চেয়েও খারাপ। হুঁশিয়ারি দিলেন শুভেন্দু অধিকারী। মেয়ো রোডে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ভাষা নিয়েও সরব হন শুভেন্দু। তাঁর দাবি, ভয়ে থরথর করে কাঁপছেন মমতা। মমতার হাত রক্তমাখা। পশ্চিমবঙ্গ ছাত্র সমাজের অন্যতম মুখ সায়ন লাহিড়িকে গতকাল রাতে গ্রেফতার করে পুলিশ। তাঁর ১৪ দিনের পুলিশি হেফাজত হয়েছে। নবান্ন চলো কর্মসূচিতে গ্রেফতার হওয়া ৭০ জনকে ব্যাঙ্কশাল ও মেট্রোপলিটন আদালতে পুলিশ হেফাজতে চেয়েছে বলে জানান শুভেন্দু। সায়নের মাকে পাশে বসিয়ে শুভেন্দু বলেন, সায়ন-সহ সকলকেই আইনি সহায়তা দেবে বিজেপি। ইতিমধ্যেই একটি নম্বরও প্রকাশ করা হয়েছে দলের তরফে। সায়নের জন্য কলকাতা হাইকোর্ট ও সুপ্রিম কোর্টে আমরা বড় আইনজীবী দাঁড় করাব। মমতার প্রতিহিংসা, জিঘাংসার রাজনীতির ক্ষেত্রে আদালতে ন্যায়বিচার পাব বলেই আমাদের বিশ্বাস। শুভেন্দু জানান, সায়ন রাষ্ট্রবাদী, প্রতিবাদী যুবক। সোশয়াল মিডিয়ায় সক্রিয়। ছাত্র রাজনীতি তেমনভাবে করেছেন বলে জানি না। কিন্তু অন্যায়ের প্রতিবাদ করেন। তাঁর নামে তিনটি মামলা দেওয়া হয়েছে। পুলিশ কমিশনার বিনীত গোয়েলকে চ্যালেঞ্জ করছি, আপনি দেখান সায়ন ব্যারিকেড ভেঙেছেন, পুলিশকে আক্রমণ করেছেন, ভাঙচুর-নৈরাজ্য চালিয়েছেন। সায়নের ছোটবেলায় বাবা মারা যান। মা জানান, তিনি ও তাঁর পুত্র একেবারেই ভয় পাচ্ছেন না। সায়ন এমবিএ-র ছাত্র। বালিগঞ্জ গভর্নমেন্ট স্কুল থেকে স্টার নিয়ে পাস করা ছেলে। তাঁর বিরুদ্ধে যে অভিযোগগুলি আনা হয়েছে তা পুরোপুরি ভিত্তিহীন। সায়ন-সহ সকলকে মিথ্যা মামলা থেকে মুক্ত করানোর প্রত্যয় নিয়ে শুভেন্দু বলেন, আমার বিরুদ্ধেও ৪৭টি মামলা করেছিল। কোনও ধারা বাকি রাখেনি। উনি নাকি প্রতিহিংসার রাজনীতি করেন না! অরাজনৈতিক কর্মসূচিতে তিন ঘণ্টা ধরে নবান্ন কেঁপে গিয়েছে। তার পাল্টা পুলিশকে দিয়ে মুখ্যমন্ত্রী যা করাচ্ছেন তার ফল পেতে হবে।

# কৃষ্ণনগরে বিদ্রোহী কবির ৪৯ তম প্রয়াণ দিবসে শ্রদ্ধাজ্ঞাপন অনুষ্ঠান

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কৃষ্ণনগরের সাংস্কৃতিক সংস্থা সুজন বাসরের উদ্যোগে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের বসবাসের স্মৃতি-বিজড়িত হেরিটেজ ভবন গ্রেস কটেজে অনুষ্ঠিত হলো কবির ৪৯তম প্রয়াণ দিবস উপলক্ষে শ্রদ্ধা জ্ঞাপন অনুষ্ঠান। ১৯২৬ থেকে ১৯২৮ --- প্রায় আড়াই বছর এই বাড়িতে সপরিবার কবি বসবাস করেন। এই বাড়িতেই পুত্র বুলবুলের জন্ম। এই বাড়িতেই বাংলা সঙ্গীতে যুগান্তকারী গজল গানের সৃষ্টি। দারির্দ্য, খালেদ এর মতো বিখ্যাত কবিতা ছাড়াও এই পটভূমিতেই রচিত হয় তাঁর বিখ্যাত 'মৃত্যক্ষুধা' উপন্যাস।

আনুষ্ঠানিক সূচনায় কবির অবক্ষ মূর্তিতে মাল্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন কলকাতার বাকচর্চা প্রকাশনার কর্ণধার মুহাম্মদ হেলালউদ্দিন। অনুষ্ঠান মঞ্চে প্রতিকৃতিতে মাল্য অর্পণ করেন সংগীতশিল্পী শঙ্খশুভ্র সরকার এবং প্রীতিকণা জোয়ারদার। স্বাগত বক্তব্যে সুজন বাসরের পক্ষে রতন কুমার নাথ জানান যে জন্মদিন ও প্রয়াণ দিবসে প্রতি বছরই কৃষ্ণনগরের সাংস্কৃতিক মানুষজন সকাল থেকে দুপুর পর্যন্ত এই গ্রেস কটেজে উপস্থিত হয়ে কথা কবিতা ও গানে কবির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে থাকেন। এই প্রয়াণ দিবস উপলক্ষে আগামী রবিবার আয়োজিত হবে নজরুল সংগীত প্রশিক্ষণের একটি কর্মশালা। পরিচালনা করবেন কলকাতার অগ্নিবীণা সংস্থার সংগীত শিল্পীগণ। এছাড়া সুজন বাসর ও অগ্নিবীণার যৌথ নিবেদনে ঐদিন বিকেলে একটি নজরুল স্মরণ-সন্ধ্যার আয়োজন করা হয়েছে।

কবি কাজী নজরুল ইসলামকে ১৯২৬ সালে সপরিবার হুগলি থেকে কৃষ্ণনগরে নিয়ে এসেছিলেন বিপ্লবী হেমন্তকুমার সরকার। সেই সময় কবি কৃষ্ণনগরের গোয়াড়ি এলাকায় গোলাপটটি অঞ্চলে হেমন্তকুমার সরকারের পৈতৃক যে বাসভবনে বসবাস করেছিলেন সেই স্থানে তাঁদের দুইজনের স্মৃতিতে একটি স্মৃতিফলক বসানোর পরিকল্পনাও গ্রহণ করা হয়েছে বলে তিনি জানান।

অনুষ্ঠানে সংগীত পরিবেশন করেন বীথিকা মল্লিক, প্রীতিকণা জোয়ারদার, তাপস কুমার মোদক, শঙ্খশুভ্র সরকার, দীপঙ্কর দাস, নিবেদিতা সরকার, চুমকি বিশ্বাস, স্বপ্না মজুমদার, হৃত্বীশ বৈরাগ্য, অমৃতা মজুমদার, রুদ্রজ্যোতি মন্ডল প্রমূখ। কোরাসে সমবেত সঙ্গীত পরিবেশন করেন শোভনা দাস, রাজিফা খাতুন, রুমা দত্ত প্রমুখ। তবলায় সঙ্গত করেন প্রেমানন্দ বসাক। একক কবিতা পাঠ করেন জয়িতা সাহা ও অশোক মজুমদার। এছাড়া সুকৃতি ঘোষের পরিচালনায় 'কবিতাঘর' আবৃত্তি সংস্থার পক্ষ থেকে কবিতা কলেজ পরিবেশন করে সমৃদ্ধি পাল, অদ্রিশ বিশ্বাস, শ্রীজিতা বিশ্বাস ও রিয়া ব্যানার্জি দে।

মুখ্য অতিথির বক্তব্যে মুহাম্মদ হেলালউদ্দিন দুঃখপ্রকাশ করেন যে বাইরে থেকে কৃষ্ণনগর স্টেশনে আসার পর কোনও পথচারী বা টোটোওয়ালা গ্রেস কটেজ কোথায় বললে চিনতে পারে না। বিদ্যুৎ অফিসের সামনের রাস্তায় স্মারক চিহ্ন জাতীয় অন্তত একটা কোনও বোর্ড লাগানো থাকা খুবই দরকারি। এতে শহরের মানুষও জানতে ও চিনতে পারবে গ্রেস কটেজের মতো গুরুত্বপূর্ণ হেরিটেজ ভবন কোথায় অবস্থিত। প্রশাসনিক বা পৌর সহায়তা, কিংবা নিজস্ব উদ্যোগে হলেও এই ব্যবস্থাটি যথাশীঘ্র নেওয়া দরকার বলে তিনি উল্লেখ করেন।

সামগ্রিকভাবে অনুষ্ঠানটি পৌরোহিত্য করেন সভাপতি দীপঙ্কর দাস। সঞ্চালনা করেন সম্পাদক ইনাস উদ্দীন।

# মন্ত্রিসভার বৈঠকে অগ্নি শর্মা হলেন মমতা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাজ্যের বেশ কয়েকজন মন্ত্রীর কাজে রীতিমতে অসন্তুষ্ট মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। নবান্ন সূত্রে খবর, এ দিন রাজ্য মন্ত্রিসভার বৈঠকেই একাধিক মন্ত্রীর কাজ নিয়ে অসন্তোষ প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী। সেচ, পঞ্চায়েত, জনস্বাস্থ্য ও কারগরি বা পিএইচই, আইন দফতরের ভারপ্রাপ্ত মন্ত্রীদের এ দিন মুখ্যমন্ত্রীর প্রশ্নের মুখে পড়তে হয়েছে বলেই সূত্রের খবর।আরজি কর কাণ্ড নিয়ে এমনিতেই যথেষ্ট চাপে রয়েছে রাজ্য সরকার। তার মধ্যে এ দিনই ছিল রাজ্য মন্ত্রিসভার বৈঠক। সূত্রের খবর, বিভিন্ন দফতরের কাজে অসন্তোষ প্রকাশ করে মুখ্যমন্ত্রী বৈঠকে বলেন, সাধারণ মানুষের কাজ ব্যাহত হচ্ছে। এমন কিছু হলে আমি ছেড়ে কথা বলব না। আমার কাছে প্রত্যেক জেলার ফিল্ড রিপোর্ট আসছে। সবাইকে ভাল ভাবে কাজ করতে করতে হবে।এর পরই মুখ্যমন্ত্রী রীতিমতো দফতর ধরে ধরে মন্ত্রীদের প্রশ্ন করতে থাকেন বলেই সূত্রের খবর। জানা গিয়েছে, আইন দফতরের কাজে তীব্র অসন্তোষ প্রকাশ করেন মুখ্যমন্ত্রী। আইনমন্ত্রী মলয় ঘটকের

এরপর ৩ পাতায়







# আরজি কর কাণ্ডে

# রাষ্ট্রপতি দ্রৌপদী মুরমু বলেন এনাফ ইজ এনাফ



**দিল্লী: নিউজ সারাদিন :** কলকাতার আরজি কর মেডিকেল কলেজ হাসপাতালের তরুনী চিকিৎসকের নৃশংস বর্বরোচিত হত্যাকাণ্ড নিয়ে তোলপাড়ের মাঝেই বড় বিবৃতি দিয়েছেন দেশের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু । তিনি বলেছেন,'এনাফ ইজ এনাফ' । এদিকে তার এই বিবৃতিতে পশ্চিমবঙ্গে রাষ্ট্রপতি শাসনের জল্পনা শুরু হয়েছে ।মঙ্গলবার ছাত্র সমাজের 'নবান্ন অভিযান' এর সময়ে পুলিশের এলোপাথাড়ি লাঠিচার্জ এবং জলকামান ও কাঁদানে গ্যাস ব্যবহারের পরিপ্রেক্ষিতে হাওড়া রেলস্টেশনে বসে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী রাজ্যে রাষ্ট্রপতি শাসন জারি করে স্বচ্ছ নির্বাচন করার দাবি তোলেন । তার ঠিক ২৪ ঘন্টার মধ্যেই রাষ্ট্রপতির এই বড় বিবৃতি সামনে এল ।আরজি কর কান্ডের প্রতিক্রিয়ায় আজ বুধবার বিকেলে রাষ্ট্রপতির এক্স হ্যান্ডেলে লেখা হয়, 'এনাফ ইস এনাফ ।' সেই সাথে তিন পাতার বিবৃতির একটা পিডিএফ ফাইলও সংযুক্ত করা হয়েছে । বিবৃতির প্রথম পৃষ্ঠার একেবারে উপরে লেখা হয়েছে,'নারীর নিরাপত্তা : এনাফ ইজ এনাফ' । এরপর লেখা হয়েছে, 'নারীর বিরুদ্ধে সাম্প্রতিক অপরাধের ক্রমশ অস্বস্তির শিকড় উন্মোচন করতে সৎ আত্ম-আত্মদর্শনকে বাধ্য করা উচিত ।' বিস্তারিত বিবৃতিতে লেখা হয়েছে, 'কলকাতায় এক চিকিৎসককে ধর্ষণ ও হত্যার ন্যাক্কারজনক ঘটনা জাতিকে হতবাক করেছে। যখন আমি এটি শুনেছিলাম তখন আমি হতাশ এবং আতঙ্কিত হয়েছিলাম। আরও হতাশার বিষয় হল যে এটি এই ধরণের একমাত্র ঘটনা ছিল না; এটি নারীর বিরুদ্ধে অপরাধের একটি সিরিজের অংশ। এমনকি ছাত্র হিসাবে, ডাক্তার এবং কলকাতায় নাগরিকরা প্রতিবাদ করছিল, অপরাধীরা ঘুরে বেড়াচ্ছে । আক্রান্তদের মধ্যে কিন্ডারগার্টেনের মেয়েরাও রয়েছে। কোনো সভ্য সমাজ কন্যা-বোনদের এ ধরনের নৃশংসতার শিকার হতে দিতে পারে না ।রাষ্ট্রপতি লিখেছেন,'জাতি ক্ষুব্ধ হতে বাধ্য, এবং আমিও তাই। গত বছর নারী দিবস উপলক্ষে, আমি একটি সংবাদপত্রের নিবন্ধ আকারে নারীর ক্ষমতায়ন সম্পর্কে আমার চিন্তাভাবনা এবং আশা প্রকাশ করেছিলাম, আমি আশাবাদী রয়েছি, আমাদের অতীতের অর্জনের জন্য ধন্যবাদ। নারীর ক্ষমতায়ন। আমি নিজেকে ভারতে নারীর ক্ষমতায়নের সেই দর্শনীয় যাত্রার উদাহরণ হিসেবে বিবেচনা করি।

# বন্যায় দুর্গতদের পাশে মানবধর্ম রক্ষায় সাংবাদিকরা



**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন :** মানবতাই শ্রেষ্ঠ ধর্ম,মানুষ মানুষের জন্য, জীবন জীবনের জন্য, এই মানসিকতা নিয়ে বিলোনিয়া সাংবাদিকরা বন্যায় ক্ষতিগ্রস্ত জনগণের পাশে। সাংবাদিকরা কলম ,ক্যামেরা ধরার পাশাপাশি বন্যায় দুর্গতদের জন্য শুকনো খাবার সহ কিছু প্রয়োজনীয় ঔষধ পত্র নিয়ে বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষের দরবারে হাজির। গত মঙ্গলবার থেকে শুরু হয় ত্রান বিলি। তা আজ বুধবারেও চলে। বুধবার দুপুর একটা নাগাদ থেকে শুরু হয় বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষদের বাড়ি বাড়ি গিয়ে পরিবারের হাতে শুকনো খাবার সহ প্রয়োজনীয় ঔষধ তুলে দেওয়ার কাজ। এছাড়া বন্যা পরবর্তীতে সকলকে স্বাস্থ্যবিধি মনে চল আহবান রাখেন সাংবাদিকরা। বিলোনিয়া আমতলী , জয়নগর এলাকা, মনুরমুখ,চৌধুরী পাড়া, জীরতলী, মেরুন টিলা, তালুকদার পাড়া সহ বনকর তাকিয়া সংলগ্ন উত্তর বিলোনিয়া এলাকার বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষের হাতে তুলে দেয় খাদ্য সামগ্রী ও ওষুধ পত্র । বিলোনিয়া প্রেস ক্লাবের পক্ষ থেকে এই সামগ্রীগুলি তুলে দেওয়া হয়। এই দিনের ত্রান বিতরণে ছিলেন, বিলোনিয়া প্রেস ক্লাবের সভাপতি স্নেহাশিস চক্রবর্তী, কোষাধ্যক্ষ অভিজিৎ ভট্টাচার্য, বরিষ্ট সাংবাদিক তাপস মজুমদার, প্রতাপ দেববর্মা, এছাড়া সাংবাদিক হারাধন পাল,প্রতাপ দাস, বিশ্বজিৎ দাস, রুপক দে , অশোক দাসগুপ্ত , সোহান সাহা সহ অন্যান্য সাংবাদিকরা। বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষদের কথা চিন্তা করে সাহায্যের হাত বাড়িয়ে দেওয়ার কাজ আগামী দিন ও অব্যাহত থাকবে বলে জানান বিলোনিয়া প্রেস ক্লাবের সভাপতি স্নেহাশিস চক্রবর্তী। এছাড়া বিলোনিয়া মহকুমাধীন রাজনগর, ঋষ্যমুখ ও ভারত চন্দ্র নগর ব্লকে আগামী দিনগুলোতে চিকিৎসা শিবির করার সিদ্ধান্ত নিয়েছে স্বাস্থ্য দপ্তরের সহযোগিতায় বিলোনিয়া প্রেস ক্লাব , এই কথা জানান ক্লাব সভাপতি। রাজনীতি, জাতি ধর্মের উর্ধে উঠে সকলকে এই দুর্যোগের মোকাবেলায় একযোগে সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার আহবান রাখেন সাংবাদিকরা।

১-ম পাতার পর

## তড়িঘড়ি দিল্লি যাচ্ছেন রাজ্যপাল

বলেছেন মুখ্যমন্ত্রী। আমরা সে বিষয়ে আমাদের উদ্বেগের কথা রাজ্যপালকে জানিয়েছি। ওঁকে জানিয়েছি, রাজ্যের আইনশৃঙ্খলা ভেঙে পড়েছে, সাংবিধানিক ভাবে আপনার যা করার করুন।"

আরজি করে মহিলা চিকিৎসককে খুন এবং ধর্ষণের ঘটনার প্রতিবাদে 'পশ্চিমবঙ্গ ছাত্র সমাজ' নামের একটি সংগঠন মঙ্গলবার নবান্ন অভিযানের ডাক দিয়েছিল। সেই কর্মসূচিকে সমর্থন করেছিল বিজেপি। তার পরে বুধবার তৃণমূলের ছাত্র সংগঠন টিএমসিপির প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠান থেকে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কড়া ভাষায় আক্রমণ করেছিলেন বিজেপিকে। তাঁর কিছু মন্তব্য নিয়ে বিতর্ক তৈরি হয়েছে। বুধবার ওই মন্তব্যের প্রতিবাদে শাহকে চিঠি লিখেছিলেন সুকান্ত। মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপের দাবিও জানিয়েছিলেন।

১-ম পাতার পর

# নবান্ন অভিযানে তাণ্ডবের অভিযোগে গ্রেফতার যুবক-তরুণী

সেটা জানিয়ে দিয়েছেন। এবার শুরু হয়েছে গ্রেফতারের কাজ। এরা কেউ ছাত্র সমাজের প্রতিনিধি নয়। সুতরাং পশ্চিমবঙ্গ ছাত্র সমাজের শান্তিপূর্ণ আন্দোলন বলে যা দাবি করা হচ্ছিল তা নিয়ে প্রশ্ন উঠে গিয়েছে। এখন প্রশ্নের মুখে স্বয়ং কলকাতা হাইকোর্টও। কারণ শান্তিপূর্ণ মিছিলে হস্তক্ষেপ করা যাবে বলে নির্দেশ দেওয়া হয়েছিল। আর যা ঘটল তাতে কোনও পদক্ষেপ করতে দেখা গেল না আদালতকে।এবার গলায় গেরুয়া উত্তরীয় পরে মেজাজ মারমুখী নিয়ে যারা তাণ্ডব চালিয়ে ছিল তাদের গ্রেফতার করল কলকাতা পুলিশ। মঙ্গলবার নবান্ন অভিযানে যোগ দিয়ে অশান্তি করার অভিযোগে মহেশতলা থেকে গ্রেফতার করা হয়েছে এক তরুণীকে। আর সোশ্যাল মিডিয়া পোস্ট দেখে তাঁকে শনাক্ত করার পর বাড়ি থেকে গ্রেফতার করেছে গুন্ডাদমন শাখা।বৃহস্পতিবার দুপুরে আরজি কর হাসপাতালের মর্গে এসেছিল সিবিআই। এখানে অনিয়ম রয়েছে বলে তথ্যপ্রমাণ পেয়েছে সিবিআই। কিন্তু তদন্ত কতদূর এগোলো তা এখনও জানানো হচ্ছে না। আজও প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ সিবিআই দফতরে গিয়ে জিজ্ঞাসাবাদের মুখোমুখি হন। পুলিশ সূত্রে খবর, গ্রেফতার হওয়া তরুণীর নাম রিঙ্কু সিং। বিজেপি মহিলা মোর্চার নেত্রী তিনি। ওইদিন নবান্ন অভিযানে রিঙ্কু এবং তাঁর সঙ্গীদের হাতে ইট দেখা গিয়েছিল। সেই ছবি সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়। এসবের ভিত্তিতেই পুলিশ রিঙ্কুকে গ্রেফতার করেছে। ট্র্যাফিক সার্জেন্ট দেবাশিস চক্রবর্তীর চোখে আঘাতের ঘটনায় ধরপাকড় শুরু করেছে লালবাজার।এই ইট ছুড়ে চোখে আঘাতের ঘটনায় দু'জনকে গ্রেফতার করা হয়েছে। তাঁদের মধ্যে একজন মহিলা। সার্জেন্ট দেবাশিস চক্রবর্তীর গাড়িতে ইট ছুড়ে হামলার জেরে তাঁর চোখ নষ্ট হতে বসেছে। এই ঘটনায় ময়দান থানায় অভিযোগ দায়ের করা হয়েছিল। তার ভিত্তিতেই আজ, বৃহস্পতিবার দু'জনকে গ্রেফতার করল পুলিশ। লালবাজার সূত্রে খবর, ধৃত মহিলার নাম রিঙ্কু সিং। মহেশতলার বাসিন্দা। সুব্রত দাস নামের যুবককে গ্রেফতার করা হয়েছে। ওই এলাকার সিসিটিভি ক্যামেরায় যাদের দেখা গিয়েছে, তাদের মধ্যে এই দু'জন ছিল।

১-ম পাতার পর

# অবসরকালীন ভাতা বাড়ল সিভিক ও গ্রামীণ পুলিশের, কত টাকা বাড়ল?


অবসরকালীন ভাতা দুই লক্ষ টাকা করে বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। এতদিন সিভিক ভলান্টিয়ার ও ভিলেজ পুলিশরা অবসরকালীন ভাতা হিসাবে এককালীন ৩ লক্ষ টাকা পেতেন। তা বাড়িয়ে ৫ লক্ষ টাকা করা হয়েছে। চলতি বছরের ১ এপ্রিল ২০২৪ থেকে যাঁরা অবসর নিয়েছেন তারাই এই বর্ধিত ভাতা পাবেন। আর এই খবর জানতে পেরেই খুশিতে মেতে উঠেছেন রাজ্যের সিভিক ভলান্টিয়ার ও ভিলেজ পুলিশের কর্মীরা।

পুলিশকে ট্র্যাফিক ব্যবস্থা সামলানো-সহ বিভিন্ন কাজে সহযোগিতার জন্য এই মুহূর্তে রাজ্যে দুই লক্ষ সিভিক ভলান্টিয়ার রয়েছে। যৎসামান্য বেতন নিয়েই হাড়ভাঙা পরিশ্রম করে চলেন তাঁরা। তবে মানবিকভাবেই সিভিক ও ভিলেজ পুলিশ কর্মীদের পাশে দাঁড়িয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। চলতি বছরের বাজেটেই সিভিক ভলান্টিয়ার ও ভিলেজ পুলিশের মাসিক বেতন এক হাজার টাকা করে বাড়ানোর কথা ঘোষণা করা হয়েছিল। রাজ্যের অর্থ মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য জানিয়েছিলেন, সিভিক ও ভিলেজ পুলিশের বেতন বাড়ানোর জন্য ১৮০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

১-ম পাতার পর

# মহিলা পুলিশ অফিসারের শ্লীলতাহানি, তৃণমূল নেতার বিরুদ্ধে জামিন অযোগ্য ধারায় মামলা

পড়েন তৃণমূল নেতা তথা গোঘাট ১ নম্বর পঞ্চায়েত সমিতির বন ও ভূমি কর্মাধ্যক্ষ সঞ্জয় খান। তৃণমূল নেতার সঙ্গে ওই মহিলা এসআই-এর তুমুল বচসা হয়। উল্লেখ্য, রাজ্যজুড়ে বিজেপির ১২ ঘণ্টা বনধের সমর্থনে গোঘাটের পচাখালি এলাকায় বিজেপি পথ অবরোধ করে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় গোঘাট থানার পুলিশ। অবরোধ তুলতে চেষ্টা করেন পুলিশ আধিকারিকরা। আর তারপরই শুরু হয় ঝামেলা। ঝামেলা নিয়ে সঞ্জয়ের বক্তব্য, "মহিলা পুলিশ অফিসার দাঁড়িয়ে থেকে পথ আটকে রেখেছেন। আমরা তো কামারপুকুরের দিকে যাচ্ছিলাম। সরকার যেখানে বলছে বনধ বিরোধী। তাহলে পুলিশ কীভাবে পথ আটকাতে পারে?"




# ১৩তম সংস্করণ জেবিজি সাতারা হিল হাফ ম্যারাথন -

## ভারতের তৃতীয় বৃহত্তম হাফ ম্যারাথন একটি বিশাল আকারে ফিরে এসেছে

- জেবিজি সাতারা হিল হাফ ম্যারাথন অনুষ্ঠিত হবে ১লা সেপ্টেম্বর, ২০২৪
- অংশগ্রহণকারীদের নিবন্ধন করার এক ঘণ্টার মধ্যেই নিবন্ধন বন্ধ হয়ে যায়
- "আহম যোদ্ধাস্মি!" এই বছরের থিম দৃঢ়তা, সংকল্প এবং সাহসের চেতনাকে তুলে ধরে
- এই ইভেন্টটি জয় বালাজি গ্রুপ এবং মালা'স- এর দ্বারা সমর্থিত
- সংগৃহীত তহবিল ব্যবহার করা হবে ভারতের প্রথম ম্যারাথন মিউজিয়াম স্থাপনের জন্য, যা ভারতের সব রকমের দৌড়বিদ এবং চলমান ইভেন্টগুলির জন্য নিবেদিত

**কলকাতা, ২৯শে আগস্ট, ২০২৪: নিউজ সারাদিন :** রেকর্ড-ব্রেকিং মোট ৮০০০+ অংশগ্রহণকারী নিবন্ধনের সহ, একটি অলাভজনক সংস্থা, সাতরা রানার্স ফাউন্ডেশন দ্বারা আয়োজিত অত্যন্ত প্রত্যাশিত জেবিজি সাতরা হিল হাফ ম্যারাথন (এসএইচএইচএম) এর ১৩ তম সংস্করণটি সারাদেশ থেকে দৌড়ানোর উৎসাহীদের একত্রিত করতে প্রস্তুত। এই বছরের ম্যারাথনের থিম হচ্ছে "আহম যোদ্ধাস্মি!" বা "আমি একজন যোদ্ধা" এই থিম শক্তিশালীভাবে স্মরণ করিয়ে দেয় যে প্রতিটি মানুষের মধ্যে একটি অদম্য চেতনা থাকে, একটি যোদ্ধা যা যে কোন চ্যালেঞ্জ অতিক্রম করতে সক্ষম। সংস্কৃত বাক্যটি অংশগ্রহণকারীদেরকে কঠিন পরিস্থিতির মুখোমুখি হতে, সীমা অতিক্রম করতে এবং বিজয়ী হতে অনুপ্রাণিত করে, শুধু ফিনিশ লাইনে নয়, জীবনের আসন্ন লড়াইগুলিতে।

সাতারা রানার্স ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ডঃ সন্দীপ কেট তার উচ্ছ্বাস প্রকাশ করে বলেন, "জেবিজি সাতারা হিল হাফ ম্যারাথনের ১৩ তম সংস্করণে প্রবেশ করতে গিয়ে আমি মনে করি, এই চ্যালেঞ্জিং পাহাড়গুলোতে নেওয়া প্রতিটি পদক্ষেপ আমাদের অভ্যন্তরীণ যোদ্ধার প্রমাণ। 'আহম যোদ্ধাস্মি!' শুধুমাত্র একটি থিম নয়; এটি প্রতিটি অংশগ্রহণকারীকে তাদের দৃঢ়তা প্রকাশ করতে এবং একসাথে এগিয়ে যাওয়ার জন্য আহ্বান জানায়। আমরা শুধু পাহাড় জয় করব না, বরং একে অপরকে জীবনের কষ্টগুলো অতিক্রম করতে অনুপ্রাণিত করব।"

শিরোনাম স্পন্সর হিসেবে, জয় বালাজি গ্রুপের ডিরেক্টর গৌরব জাজোদিয়া, দৃঢ়তা, সংকল্প এবং সাহসের আত্মার গুরুত্ব তুলে ধরে বলেন, "জয় বালাজি গ্রুপে আমরা সম্প্রদায়ের শক্তি এবং ভাগাভাগি করা চ্যালেঞ্জ থেকে আসা শক্তির বিশ্বাস করি। জেবিজি সাতারা হিল হাফ ম্যারাথন কে সমর্থন করা শুধুমাত্র স্পনসরশিপ নয়; বরং প্রতিটি দৌড়বিদের মধ্যে আগুন জ্বালানো। এই বছর, আমরা অংশগ্রহণকারীদের মধ্যে অসাধারণ সাহস প্রত্যক্ষ করছি, আমরা শুধু ফিনিশারদের জন্য উৎসাহিত হচ্ছি না; আমরা প্রতিটি ব্যক্তিকে উদযাপন করছি যারা তাদের সীমা চ্যালেঞ্জ করে এবং যোদ্ধা হতে নতুন সংজ্ঞা দিচ্ছে।"

২০১২ সাল থেকে সাতারা রানার্স ফাউন্ডেশন দ্বারা আয়োজিত জেবিজি সাতারা হিল হাফ ম্যারাথন গিনেস ওয়ার্ল্ড রেকর্ডের "একই পর্বতের রান" শিরোনামে রেকর্ড অর্জন করেছে, যা টাটা মুম্বাই ম্যারাথন এবং বেদান্ত দিল্লি হাফ ম্যারাথন এর পর ভারতের তৃতীয় বৃহত্তম হাফ ম্যারাথন হিসেবে অবস্থান করে। পূর্বে, এই ইভেন্টটি আইজি কৃষ্ণপ্রকাশ, বিশ্বাস নাংরে পাটিলের মতো অনেক পরিচিত ব্যক্তিত্বদের অন্তর্ভুক্ত করেছে এবং দেশের ম্যারাথনগুলির মধ্যে নারীদের অংশগ্রহণের দ্বিতীয় সর্বোচ্চ সংখ্যা রয়েছে। আইজি কৃষ্ণপ্রকাশ, সুশান্ত দাশ, সিইও, স্টারবাকস ইন্ডিয়ার মতো উল্লেখযোগ্য ব্যক্তিরাও এই বছরের দুঃসাহসিক দৌড়ে যোগ দেবেন, ইভেন্টের মর্যাদা এবং সম্প্রদায়ের চেতনাকে বাড়িয়ে তুলবেন।

আসন্ন জেবিজি সাতারা হিল হাফ ম্যারাথন "আউট অ্যান্ড ব্যাক" কোর্সের বৈশিষ্ট্য সহ, সাতারা পুলিশ প্যারেড গ্রাউন্ড থেকে শুরু হবে, সকাল ৬:৩০ থেকে ১০:৩০ পর্যন্ত চলবে। সমস্ত অংশগ্রহণকারীদের নিরাপত্তা এবং সুস্থতার জন্য ইভেন্টটি বিভিন্ন ধরনের চিকিৎসা সহায়তার সাথে সুসজ্জিত থাকবে, যার মধ্যে থাকবে ৮ থেকে ৯টি কার্ডিয়াক অ্যাম্বুলেন্স এবং ৯ থেকে ১০টি বাইক অ্যাম্বুলেন্স কোর্সের সাথে কৌশলগতভাবে অবস্থান সহ। এছাড়াও, ১৪টি এইড স্টেশনে ফার্স্ট এইড কিট মজুদ থাকবে যাতে কোন তাতক্ষণিক প্রয়োজন মেটানো যায়। রানারদের শীতল হতে এবং পুনরুদ্ধার করতে সাহায্য করতে, ম্যারাথনে ৩টি নির্দিষ্ট শীতল অঞ্চল থাকবে যেখানে বরফের স্নানের বেবস্থা থাকবে এবং ৯টি চিয়ার জোন স্থাপন করা হবে, যাতে অংশগ্রহণকারীদের উজ্জীবিত এবং অনুপ্রাণিত করা যায়, যা একটি উৎসাহজনক পরিবেশ তৈরি করবে।

এসএইচএইচএম-এর মাধ্যমে সংগৃহীত তহবিল অংশগ্রহণকারীদের অভিজ্ঞতা উন্নত করার জন্য ব্যবহৃত হবে, যার মধ্যে একটি ১৬-সপ্তাহের প্রশিক্ষণ প্রোগ্রাম অফলাইন এবং অনলাইন সেশনের মাধ্যমে আয়োজন করা হবে। এছাড়াও, এটি ভারতের প্রথম ম্যারাথন মিউজিয়ামের জন্য ব্যবহার করা হবে, যা ভারতের সমস্ত রানার এবং রানিং ইভেনটগুলোর প্রতি উৎসর্গীকৃত। উপরন্তু, ইভেন্টটি সম্প্রদায়ে অবদান রাখবে, সাতারায় ওপেন জিম এবং স্ট্রিট ওয়ার্কআউট স্টেশন স্থাপন করবে, ফিটনেস এবং সুস্থতার সংস্কৃতি গড়ে তুলবে।




২ পাতার পর

# মন্ত্রিসভার বৈঠকে অগ্নি শর্মা হলেন মমতা

উদ্দেশ্যে তিনি বলেন, 'আপনি যদি চালাতে না পারেন আমি নিয়ে নেব। আইনে কি করছেন? বনধ নিয়ে কিছু করতে পারলেন না? আইনমন্ত্রীর পরে মুখ্যমন্ত্রীর প্রশ্নের মুখে পড়তে হয় জনস্বাস্থ্য কারিগরি দফতরের মন্ত্রী পুলক রায়কে। সূত্রের খবর, পুলক রায়কে মুখ্যমন্ত্রী বলেন, 'কী করছ তুমি? র্ধমানে তোমার পিএইচির কাজের উপর অভিযোগ আসছে। তারপর পিএইচির রাস্তা খোড়া হচ্ছে কিন্তু তারপর রাস্তা সারাইয়ের কাজ হচ্ছে না। এমন অভিযোগ ও জমা পড়েছে। ঠিকভাবে কাজ করো।' অন্যান্য দফতরের মন্ত্রীদের সঙ্গে বৈঠকে বসার জন্যও পুলক রায়কে নির্দেশ দেন মুখ্যমন্ত্রী।মঙ্গলবারের নবান্ন অভিযানে একাধিক পুলিশকর্মী আহত হয়ে বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। এ দিন সেই পুলিশকর্মীদের সঙ্গে দেখা করার জন্যও ফিরহাদ হাকিম, শোভনদেব চট্টোপাধ্যায়দের মতো সিনিয়র মন্ত্রীদের নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী।

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২৩৭ সংখ্যা ৩০ আগস্ট, ২০২৪ শুক্রবার ১৩ ভাদ্র, ১৪৩১

## তালিবান সরকার আফগানিস্তানে মিশ্র মার্শাল আর্ট নিষিদ্ধ ঘোষণা করল



**বেবি চক্রবর্তী : নিউজ সারাদিন** : আফগানিস্তানের তালিবান সরকার মিশ্র মার্শাল আর্ট (এম এম এ) নিষিদ্ধ ঘোষণা করলো। গতকাল আফগানিস্তানের ক্রীড়া সংস্থা ঘোষণা করে এই খেলাটি ইসলাম বিরোধী। স্থানীয় সংবাদ মাধ্যমের সূত্রে জানা যাচ্ছে এই খেলাটিকে ইসলাম আইন, অথবা সারিয়া, বিরোধী মনে করা হচ্ছে। তালিবান সরকারের ক্রীড়া বিভাগ এএফপিকে জানিয়েছেন, "এই খেলাটি সারিয়া নিয়মের বিরুদ্ধে এবং ইসলাম ধর্মের শিক্ষার পরিপন্থী। এই পরিপ্রেক্ষিতে ই এই খেলাটি আফগানিস্তানে নিষিদ্ধ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।"

ক্রীড়া বিভাগের এক কর্তা স্থানীয় সংবাদ মাধ্যমে জানান এম এম এ নিষিদ্ধ করা হয়েছে কারণ এই খেলাটিতে গুরুতর আহত হওয়া বা মৃত্যু হওয়ার সম্ভাবনা থেকে যাচ্ছে। ২০২১ সালে তালিবানরা সরকার গঠন করে, ইসলাম ধর্ম মেনে বেশ কিছু কড়া নিয়ম লঘু করে যার মধ্যে আছে মানুষের ব্যবহার, পোশাক পরিচ্ছেদ, বিশেষত পুরুষদের হাঁটুর ওপরে প্যান্ট পড়া নিষিদ্ধ। মার্সেল আর্ট আফগানিস্তানের একটি জনপ্রিয় খেলা। প্যারিস অলিম্পিকে যে ১১ জন আফগান, আফগানিস্তান জাতীয় দলের হয়ে অথবা রিফিউজি অলিম্পিক দলের হয়ে, প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছিলেন তার মধ্যে চারজনই মার্শাল আর্ট খেলোয়াড়। এম এম এ অলিম্পিক খেলা হিসেবে গণ্য হয় না নিরাপত্তার কথা মাথায় রেখে।

## সম্পাদকীয়

### কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রক প্রায় ১ একর জমিতে “মাতৃ বন” স্থাপন করবে : শ্রী শিবরাজ সিং চৌহান

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ এবং গ্রামোন্নয়ন মন্ত্রী শ্রী শিবরাজ সিং চৌহান আজ আইএআরআই-এর ক্যাম্পাস পুসায় 'এক পেড় মা কে নাম' প্রচারাভিযানের আওতায় চারাগাছ রোপণ করেছেন। তিনি জানান, মন্ত্রকের উদ্যোগে প্রায় ১ একর জমিতে “মাতৃ বন” স্থাপন করা হবে। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শ্রী রামনাথ ঠাকুর সহ কৃষি ও কৃষক কল্যাণ এবং গ্রামোন্নয়ন মন্ত্রকের প্রায় ২০০ আধিকারিক ও কর্মী এবং স্কুলের ছাত্রছাত্রীরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। মন্ত্রী জানান, মন্ত্রকের অধীনস্থ সব দপ্তর ও প্রতিষ্ঠানের ক্যাম্পাসে এই একই দিনে, একই সময়ে চারা রোপণ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আশা করা হচ্ছে এই উদ্যোগের ফলে এক দিনেই ৩-৪ হাজার চারা রোপণ করা সম্ভব হবে। কেন্দ্রীয় মন্ত্রী বলেন, গত ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী 'এক পেড় মা কে নাম' অভিযানের সূচনা করেছিলেন। প্রধানমন্ত্রীর সংকল্পকে রূপ দিতে তাঁর মন্ত্রক এই অভিযানকে এক গণ আন্দোলনের চেহারা দেওয়ার লক্ষ্যে আজ থেকে কাজ শুরু করলো। অনুষ্ঠানে উপস্থিত সকলকে শ্রী চৌহান এই আন্দোলনে যোগ দেওয়ার অনুরোধ জানান। এই অভিযানের অঙ্গ হিসেবে কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রক সেপ্টেম্বর মাসের মধ্যে দেশ জুড়ে ৮০ কোটি এবং আগামী বছরের মার্চ মাসের মধ্যে ১৪০ কোটি চারা রোপণের লক্ষ্য নিয়েছে। গত ২০ জুন আসোলা ভাতি অভয়ারণ্যে এর সূচনা হয়েছে। পরিবেশ সচেতন জীবনশৈলী গড়ে তোলার লক্ষ্যে সরকারের উদ্যোগে যে মিশন লাইফের সূচনা হয়েছে, এই উদ্যোগ সেই কাজেও সহায়ক হবে বলে মনে করা হচ্ছে। গাছের সংখ্যা বৃদ্ধি পেলে সুস্থিত কৃষির লক্ষ্য অর্জন করা সম্ভব হবে, জমি ও জলের গুণগত মান বাড়বে, জীব বৈচিত্র্য বৃদ্ধি পাবে। এছাড়া কৃষকরাও কাষ্ঠজাত পণ্য থেকে অতিরিক্ত উপার্জনের সুযোগ পাবেন। ভূমিক্ষয় রোধেও এই উদ্যোগ বিশেষ ফলদায়ক হবে বলে মনে করা হচ্ছে।

## পাঞ্জাব প্রদেশ বিজেএমসির কার্যনির্বাহী সভা




**কলকাতা/মোগা : নিউজ সারাদিন** : আজ, মোগায় পাঞ্জাব প্রদেশ ভারতীয় জনতা মজদুর সেলের কার্যনির্বাহী সভা অনুষ্ঠিত হয়েছে। ওই বৈঠকে বিজেএমসি চেয়ারম্যান বিশ্বপ্রিয় রায় চৌধুরী, বিজেএমসি জাতীয় সভাপতি অর্ণব চ্যাটার্জি মিঠু পাঞ্জাব সরকারের জনবিরোধী নীতির বিরুদ্ধে প্রতিবাদ আরও জোরদার করার ওপর জোর দেন। এই সময় পাঞ্জাব ও রাজস্থানের ইনচার্জ খেদা সিং, জাতীয় নেতা রাজু আয়েঙ্গার, বিজেপির জেলা সভাপতি শমসের সিং কক্কর, জেলা পরিষদের সদস্য যশবন্ত সিং ঘাইরি, বিজেপি রাজ্য কমিটির সদস্য সুরজ সিং, সুখচরণ সিং, অশোক সিগাল এবং শত শত বিজেএমসি সদস্য উপস্থিত ছিলেন।

## মাতৃ শক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(ত্রয়োদশ পর্ব)



চাতাল। লম্বা প্রায় ৪৪০ ফুট, আর চওড়া প্রায় ২২০ ফুট। চাতালের পূর্বদিকে মূল মন্দির। গর্ভগৃহে দেবীমূর্তি দক্ষিণমুখী। দেবী সর্বত্র পরিচিতা ভবতারিণী নামে। ভবসংসারে তিনিই ত্রাতা। তাই ভক্তির আখরে লৌকিক ওই নাম। অথচ দক্ষিণেশ্বর মন্দিরের দলিলদস্তাবেজে তিনি ভিন্ন নামে উল্লিখিতা। আমরা সাধারণভাবে যাঁকে 'ভবতারিণী' বলে পূজা নিবেদন করি, নথিপত্রে তাঁরই নাম 'জগদীশ্বরী'। ভবসংসারে যাবতীয় যন্ত্রণার ত্রাতা কাগজকলমে জগতের ঈশ্বরী। নামে ফারাক থাকলেও ভাবে খুব একটা অসঙ্গতি নেই।

মন্দির প্রতিষ্ঠার দিনের বর্ণনা দিতে গিয়ে প্রবোধ সাঁতরা লিখেছেন, সেদিন দক্ষিণেশ্বরে দইয়ের পুকুর, পায়েসের সমুদ্র, ক্ষীরের হ্রদ, দুধের সাগর, তেলের সরোবর, ঘিয়ের কুয়ো, লুচির পাহাড় আর মিষ্টির স্তূপ তৈরি হয়েছিল। ছিল রাশি রাশি

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## শেখ হাসিনার পতনের কারণ: গোয়েন্দা রিপোর্টের ব্যর্থতা

**কাঞ্চন বসু : নিউজ সারাদিন** : শেখ হাসিনার পতন এবং বাংলাদেশের সাম্প্রতিক ঘটনাকে কেন্দ্র করে কয়েকটি প্রশ্ন সবার মনেই উঠে আসছে। তা হলো, বার বার নিরাপত্তা এজেন্সিগুলি মুজিব কন্যাকে সতর্ক করা সত্ত্বেও তিনি শোনেন নি কেন? কেন, শেষ মুহূর্ত পর্যন্ত ক্ষমতা কুক্ষিগত করে রেখেছিলেন? বাংলাদেশের একটি প্রথম শ্রেণীর সংবাদপত্র জানিয়েছে, ৫ আগষ্ট, ২০২৪ সকালেও হাসিনা পুলিশকে আরও কড়া হতে নির্দেশ দেন। পুলিশ বাহিনীর প্রধানকে ডেকে বলেন, শুধু ঢাকা নয়, দেশের সর্বত্র পুলিশকে আরও কঠোর হতে বলুন। পুলিশ প্রধান বলেন, তার পক্ষে এই আদেশ দেওয়া সম্ভব নয়। তার কারণ, বিক্ষোভ চূড়ান্ত পর্যায়ে পৌঁছে গেছে। এই সময় পুলিশ যদি আরও কঠোর হয়, তাহলে আগুন জ্বলে যাবে। গোটা দেশজুড়ে অসংখ্য প্রাণহানি হবে। মানুষ বেঘোরে মারা যাবেন। তাছাড়া পুলিশই এখন আক্রান্ত হচ্ছে। বিক্ষোভকারীরা থানায় আগুন দিয়ে দিচ্ছে। এই পরিস্থিতিতে কড়া অবস্থান নিতে গেলে পুলিশও আদেশ মানবে না। শেখ হাসিনা পুলিশ প্রধানের এই বক্তব্য মানতে রাজি হননি। তিনি বলেন, “সবাইকে হাতে ধরে বড় বড় পদে বসিয়েছি। এই তার প্রতিদান”। বলা বাহুল্য বড় অফিসাররা চুপ করেছিলেন। তাদের মুখে কোনো কথা ছিল না।

এরপর তিনি সেনাপ্রধান ওয়াকার উজ জামানকে দেশের আইন শৃঙ্খলার দায়িত্ব নিতে বলেন। তিনিও রাজি হননি। উল্টে তিনি বাকি দু'বাহিনীর প্রধানকে সঙ্গে নিয়ে হাসিনাকে সবার ভালোর জন্য পদত্যাগ করে দেশ ছেড়ে চলে যেতে বলেন। হাসিনা সেই কথাও মানেননি। ওয়াকার উজ জামান সম্পর্কে শেখ হাসিনার কাকার ছেলে। মুজিব পরিবারের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। তিনি তখন আরেক মুজিব কন্যা হাসিনার বোন রেহানা ও পরিবারের আত্মীয় কয়েকজনকে আলাদা ঘরে নিয়ে যান। সেখানে তিনি পরিস্থিতির খোলাখুলি ব্যাখ্যা করে বলেন, কার্ফু ভেঙে ছাত্ররা রাজপথের দখল নিয়ে নিয়েছে। ঢাকার চারদিক দিয়ে মিছিল আসছে। যে কোনো মুহূর্তে তারা গণভবন দখল নিয়ে নেবে। সেনাবাহিনীর কাছে খবর রয়েছে হাসিনার জীবন বিপন্ন হতে পারে। এ কথা শুনে রেহানা তার দিদিকে গোটা পরিস্থিতি বুঝিয়ে বলেন। তখনও একগুঁয়ের মতো শেখ হাসিনা গদি আঁকড়ে পড়ে থাকতে চেয়েছিলেন। এই সময় ভারত থেকে নাকি একটি ফোন আসে। সেই ফোনে একান্তে কী কথা হয়েছিল তা কেউ জানেন না। তবে এবার মুজিব কন্যা পদত্যাগ ও দেশত্যাগে রাজি হয়ে যান। তবে তিনি জাতির উদ্দেশ্যে ভাষণ রেকর্ড করতে চেয়েছিলেন। সেনাবাহিনী তাকে সেই সময় দেয়নি। সেনাপ্রধান বলেন, জনতা দ্রুত গণভবনের দিকে এগোচ্ছে। তারা আর ৪৫ মিনিটের মধ্যে এখানে পৌঁছে যাবে। এই পরিস্থিতিতে দেশত্যাগের জন্য তিনি ওই সময়টুকু পাবেন। কোনো কিছু রেকর্ড করার জন্য সময় দেওয়া সম্ভব নয়। এ কথা শুনে হাসিনা কাছেই হেলিপ্যাডের দিকে এগিয়ে যান। সেখানে সামরিক কপ্টারে কয়েকটি বাক্স তোলা হয়। এবার তিনি ফিরে আসেন বঙ্গভবনে দ্রুত পদত্যাগ পত্রে স্বাক্ষর করে ফের হেলিপ্যাডে ফিরে যান।

শেখ হাসিনার কপ্টারটি বাংলাদেশের আকাশসীমা অতিক্রম করা মাত্র ভারতীয় বায়ুসেনার দুটি রাফাল বিমান সেটিকে ঘিরে ধরে। হেলিকপ্টারে করে দিল্লী উড়ে যাওয়া সম্ভব নয় বলে, বাংলাদেশ সেনার একটি বড় মালবাহী বিমানে দুই বোনকে তোলা হয়। ফের রাফাল বিমানের কনভয় তাদের পাহারা দিয়ে গাজিয়াবাদের হিন্ডন বিমানঘাঁটিতে নিয়ে আসে। হাসিনাকে স্বাগত জানান বায়ুসেনার এক অফিসার। তারপর তাকে সেফ হাউজে নিয়ে যাওয়া হয়। কিছুক্ষণ পর সেখানে গিয়েই দীর্ঘ আলোচনা করেন ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বার্তা তিনি হাসিনাকে জানিয়ে দেন। সেই বার্তা হলো, “আপনি এ দেশে স্বাগত । কিন্তু সবদিক বিবেচনা করে দীর্ঘদিন আপনাকে রাখা সম্ভব নয়। বিকল্প যে দেশে আপনি যেতে চান সেই ব্যবস্থা আমরা করব। আপাতত বিশ্রাম করুন। তাড়াহুড়োর কিছু নেই”। আশ্বস্ত হাসিনা প্রথমেই গ্রেট ব্রিটেনে থাকা ছেলে জয় ও রেহানার মেয়ে ব্রিটিশ লেবার পার্টির সাংসদের সঙ্গে টেলিফোনে কথা বলেন। প্রাথমিকভাবে সিদ্ধান্ত হয়েছে কিছুদিনের মধ্যেই ব্রিটেনে রাজনৈতিক আশ্রয়ে থাকার জন্য তিনি আবেদন করবেন। তবে রেহানাকে নিয়ে কোনোও চিন্তা নেই। তিনি ব্রিটিশ নাগরিক। লন্ডনে থাকার জন্য তাকে কারোরই অনুমতি নিতে হবে না।

হাসিনা ঘনিষ্ঠ সূত্রেই জানা গেছে, গ্রেট ব্রিটেন তাকে রাজনৈতিক আশ্রয় দিতে রাজি না হলে তিনটি দেশের কথা ভাবা হয়েছে। এই তিনটি দেশ হলো রাশিয়া, বেলারুশ এবং ফিনল্যান্ড। তিনটি দেশেই এখন পুতিনের প্রভাব রয়েছে। ভারতের সঙ্গে রাশিয়ার সম্পর্কও অত্যন্ত মসৃণ। এই পরিস্থিতিতে রাশিয়ান অ্যাক্সিস বা পুতিনের আওতাতেই সবচেয়ে নিরাপদে থাকবেন হাসিনা। সেখানে কেউই তাকে ছুঁতে পারবে না। কিন্তু শেখ হাসিনা নিজে এই অক্ষের শরিক হতে চাইবেন কি না সন্দেহ রয়েছে। তার মেয়ে দিল্লীতে কর্মরত। সেই দৃষ্টান্ত দেখিয়ে তিনি হয়তো ভারতেই রাজনৈতিক আশ্রয় চাইতে পারেন।

ভারতের পক্ষে হাসিনাকে রাজনৈতিক আশ্রয় দেওয়ার বিপদ রয়েছে। এটা একেবারেই স্পষ্ট হয়ে গেছে যে হাসিনাকে পদত্যাগ করতে হবে এই হিসাব ভারতীয় গোয়েন্দা সংস্থা অর্থাৎ 'র'- এর ছিল না। কাজেই তারা সময়মতো প্রধানমন্ত্রীকে উপযুক্ত ব্যবস্থা নেওয়ার জন্য সতর্ক করে উঠতে পারেনি। তিনি নরম হবেন না গরম হবেন সে ব্যাপারে কোনো ইনটেলিজেন্স ইনপুট ছিল কি না সন্দেহ! থাকলে হয়তো পুলিশকে গুলি চালানোর হুকুম দেওয়ার আগে প্রধানমন্ত্রী চারবার ভাবতেন। এই ধরনের ইনটেলিজেন্স ব্যর্থতার কোনোও ক্ষমা নেই। বাংলাদেশের গোয়েন্দা সংস্থা বা ভারতীয় গোয়েন্দা সংস্থার উপর ভরসা করে ভারতে বসে থাকলে যে তার আর কোনোদিন দেশে ফেরা হবে না সেটা সহজেই বোঝা যায়। আবার রাশিয়ার তাঁবেতে থাকলে আমেরিকার সঙ্গে তার সম্পর্ক কোনোদিনই ভালো হবে না।

সমাজ গণমাধ্যমে মার্কিন চক্রান্তের ব্যাপারে একটি লেখা সম্প্রতি খুবই ভাইরাল হয়েছে। সেই লেখাটিতে বলা হয়েছে - সিএইএ বা মার্কিন রাষ্ট্রের পক্ষে পরাজয় হজম করা খুবই কঠিন। বিশেষ করে এমন কোনো ভৌগোলিক অবস্থান তারা হাতছাড়া করতে চাইবে না যেখান থেকে গোটা প্রশান্ত মহাসাগর ও বঙ্গোপসাগর অঞ্চলের সবকটি দেশকে নিয়ন্ত্রণ করা যায়। যে ভৌগোলিক অবস্থান থেকে চিন ও ভারতের মতো দুটি দেশের উপর নজরদারি চালানো যায়। তাদের ব্যবসা স্বার্থকে আঘাত করা যায়। ১৯৭১ সালে মার্কিন যুক্তরাষ্ট্র পাকিস্তানকে অখণ্ড রাখতে ব্যর্থ হয়েছে। ভারতীয় সেনাবাহিনীর সহযোগিতায় বাংলাদেশ স্বাধীন হয়েছে। কিন্তু আমেরিকা তার পরাজয়ের গলানি মেনে নিতে পারেনি। কোনো না কোনোদিন তারা প্রতিশোধ তুলবে এবং ভূরাজনৈতিক দিক দিয়ে গুরুত্বপূর্ণ বাংলাদেশের উপর প্রভাব বিস্তারের চেষ্টা করবে এটা মোটামুটি নিশ্চিতই ছিল।

২০২৩ সালের ১৫ ডিসেম্বর আচমকা রাশিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র মারিয়া যাখারোভা এক প্রেস ব্রিফিংয়ে বললেন, বাংলাদেশের আগামী নির্বাচনে যদি শেখ হাসিনা সরকার ক্ষমতায় আসে তাহলে যুক্তরাষ্ট্র তার সকল ক্ষমতা প্রয়োগ করবে সেই সরকারকে উৎখাতের জন্য। যুক্তরাষ্ট্রের সকল ক্ষমতা বলতে রাশিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র বুঝিয়েছিলেন, যুক্তরাষ্ট্র “আরব স্প্রিং” অর্থাৎ “আরব বসন্তে”-র মতো একটি পরিস্থিতি তৈরি করবে। মিশরের উপর প্রভাব বিস্তার করতে সিআইএ একসময় ছাত্রদের কাজে লাগিয়েছিল। তাকেই বলা হতো “আরব বসন্ত”। বাংলাদেশে “আরব বসন্ত" আনতে ব্যবহার করা হবে বিশ্ববিদ্যালয়ের, কলেজ, স্কুলের ছাত্রছাত্রীদের এটাও রুশ পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র স্পষ্ট করে বলেছিলেন।

এই কাজে অনুঘটকের কাজ করেছিলেন নাকি ডোনাল্ড লু ও পিটার ডি হাস নামে দুই ব্যক্তি। তাদের বন্ধুত্ব প্রায় ৩১ বছরের। এক সময় বাংলাদেশে মার্কিন রাষ্ট্রদূত হিসেবে কাজ করেছিলেন পিটার ডি হাস। এই পিটার ডি হাসকে যখন বাংলাদেশে নিয়োগ করে তার উপর স্পেশাল এসাইনমেন্ট দেওয়া হয়, ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে চিনের প্রভাবকে হ্রাস করা এবং বাংলাদেশকে সদস্য কিংবা স্ট্র্যাটেজিক পার্টনার হিসেবে আমেরিকার সঙ্গে যুক্ত করা। কিন্তু পিটার ডি হাস কোনো সাফল্য ঘরে তুলতে পারেননি। এরপর বাংলাদেশে নির্বাচনের আগে কয়েকবার এসেছিলেন ডোনাল্ড লু। তিনি নির্বাচনকে প্রভাবিত করে মার্কিনীদের পছন্দের দলকে জেতানোর জন্য নানাবিধ চেষ্টা চরিত্র করেছিলেন। কিন্তু তিনিও সাফল্য পাননি। শেখ হাসিনার নিকট মারাত্মকভাবে পরাজিত হয় মার্কিন মদতপুষ্ট শক্তি। কিন্তু তারপরও নাকি প্রচেষ্টা বন্ধ হয়নি। যার ফসল মিলল অতি সম্প্রতি।

৬ আগষ্ট, ২০২৪ বাংলাদেশ পরিস্থিতি নিয়ে সব দলের সঙ্গে বৈঠকে বসেছিলেন ভারতের বিদেশমন্ত্রী জয়শঙ্কর। বৈঠকে ছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু প্রমুখ। বৈঠকে রাহুল গান্ধী সরাসরি ইনটেলিজেন্স ঘাটতির প্রসঙ্গ তোলেন। তার প্রশ্ন ছিল, “গত সপ্তাহে বাংলাদেশের পরিস্থিতির অবনমন এবং তার ফলস্বরূপ হাসিনার ক্ষমতাচ্যুতির যে প্রহসন, এর সঙ্গে বিদেশি শক্তিগুলি, বিশেষত পাকিস্তানের কোনো যোগসূত্র রয়েছে কি না”। জয়শঙ্কর উত্তর দেন, “বিষয়টি এখনও তদন্তসাপেক্ষ”। তিনি আরও জানান, “কেন্দ্রের কাছে এই মর্মে তথ্য রয়েছে যে, বাংলাদেশে টালমাটাল পরিস্থিতি চলাকালীন একাধিকবার সমাজমাধ্যমে প্রোফাইলের ছবি বদলেছেন জনৈক পাক কূটনীতিক। এটি কোনো বড় যোগসূত্রের দিকে ইঙ্গিত করে কি না, তাও খতিয়ে দেখা হবে”। রাহুল এই বৈঠকে সরকারের সমালোচনা করতে চাননি। কিন্তু একটা জিনিস পরিষ্কার করে দিয়েছেন যে খবর রাখা ও বিশ্লেষণ করার ব্যাপারে ভারত সরকারের অবশ্যই কিছু খামতি আছে। বাংলাদেশের ক্ষেত্রে 'ক্যুদেতা' বা গায়ের জোরে সরকার ফেলে দেওয়াটা নতুন কিছু নয়। কিন্তু তা সত্ত্বেও খবর থাকবে না কেন?

## সুন্দরবনবাসির রক্ষাকর্তা বনের মা বনবিবি দেবী



-: মৃত্যুঞ্জয় সরদার :-

মন মানুষের শত্রু আবার মন মানুষের মিত্র হতে পারে । “মন এব মনুষ্যানাং কারণং বন্ধমোক্ষয়োঃ।” মন যদি শুদ্ধ , একাগ্র চিত্ত , নিজ বশীভূত , ভগবৎ পরায়ণ হয়- ত সেই মন মোক্ষের কারন । তাই এই মনকে 'মিত্র' বলা যাবে । কিন্তু মন যদি অশুদ্ধ, চঞ্চল , ইন্দ্রিয় পরায়ণ , ভগবৎ বিমুখ হয়- ত সেই মন নরক গমনের হেতু । এই মন হল শত্রু মন । কশ্যপ মুনি মানব কল্যাণের জন্য ঔষধ আবিস্কারের কথা ভেবেছিলেন- তাই তাঁর মন থেকে দেবীর সৃষ্টি হল ।


ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

## আরজি কর কাণ্ডে ভয়ানক হুঁশিয়ারি দিলেন জন



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ইতোমধ্যে আরজি কর কাণ্ডের তীব্র নিন্দা জানিয়েছেন বলিউডের বহু অভিনেতা। এবার এই ঘটনার প্রতিবাদে গর্জে উঠলেন জন আব্রাহাম। বরাবরই নিজের স্পষ্ট মতামত রাখেন তিনি। এবার পুরুষদের টুকরো টুকরো করে দেয়ার হুঁশিয়ারি দিলেন অভিনেতা। সম্প্রতি এক সংবাদমাধ্যমে পুরুষদের আচার-আচরণ নিয়ে কথা বলেন জন।

অভিনেতা বলেন, আমি পুরুষদের একটু নিজেদের আচার-আচরণ নিয়ে ভাবতে বলব। পুরুষদের নিজেকে নিয়ন্ত্রণ করা উচিত। না হলে আমি তাদের টুকরো টুকরো করে দেব। সত্যি বলছি, আমি আরো ভাল পারিবারিক শিক্ষা আশা করি। আমি মহিলাদের আলাদা করে কিছুই বলব না। তাদের কোনো ভুল নেই। বাবা-মায়ের নিজেদের ছেলেদের ভাল শিক্ষা দেয়া উচিত। নিয়ন্ত্রণ করতে, ভাল ব্যবহার করতে শেখানো উচিত। শেষে বলব মহিলারা আরো শক্তিশালী হয়ে উঠুক।

অভিনেতা অন্য এক সাক্ষাৎকারে বলেন, মহিলা, শিশু ও পশুরা ভারতে সুরক্ষিত নয়। এটা দুঃখজনক। ভারতীয় পুরুষদের শেখা উচিত, মহিলাদের সঙ্গে কেমন ব্যবহার করা উচিত। এটা খুবই গুরুত্বপূর্ণ। প্রত্যেক মহিলার জন্য পুরুষদের রক্ষকের ভূমিকা পালন করা উচিত।

সাক্ষাৎকারে দেশপ্রেম নিয়েও কথা বলেন জন। তার কথায়, 'আমি আমার দেশকে ভালবাসি। তাই দেশের কিছু ব্যবস্থার সমালোচনা করা খুব জরুরি। সত্যিকারের দেশপ্রেম এবং উগ্র দেশপ্রেমের মধ্যে ফারাক আছে। 'মেরা ভারত মহান' বললেই আপনি ভারতপ্রেমী হয়ে উঠতে পারেন না। সমাজে কিছু প্রয়োজনীয় পরিবর্তন আনতে পারলেই আপনি দেশপ্রেমী হয়ে উঠতে পারবেন। দেশে ও সমাজের কিছু ক্ষেত্রে পরিবর্তন আনতেই হবে।'



## আইটেম গানে নেচে কত আয় করেন বলিউড তারকারা?



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** দীপিকা পাড়ুকোন থেকে ক্যাটরিনা কাইফ, সানি লিওন থেকে সামান্থা রুথ প্রভু- বড় পর্দায় শুধু অভিনয় নয়, 'আইটেম সং'-এ কাজ করেও দর্শকদের মন ভুলিয়েছেন অভিনেত্রীরা। নাচের দৃশ্যে অভিনয় করে পারিশ্রমিকও পেয়েছেন নজরকাড়া।

২০১১ সালে প্রেক্ষাগৃহে মুক্তিপ্রাপ্ত 'দম মারো দম' ছবিতে মুখ্যচরিত্রে অভিনয় করতে দেখা যায় অভিষেক বচ্চন, বিপাশা বসু এবং রোহন সিপ্পিকে। এই ছবির একটি 'আইটেম সং'-এ অভিনয় করেন বলি অভিনেত্রী দীপিকা পাড়ুকোন। বলিপাড়ার অধিকাংশের দাবি, ওই একটি নাচের দৃশ্যে অভিনয় করার জন্য দেড় কোটি টাকা পারিশ্রমিক পেয়েছিলেন দীপিকা।

২০১৭ সালে মুক্তিপ্রাপ্ত শাহরুখ খানের 'রইস' ছবিতে 'লায়লা ম্যায় লায়লা' গানে নাচতে দেখা গিয়েছিল সানি লিওনকে।জানা যায়, এই 'আইটেম সং'-এ অভিনয় করে তিন কোটি টাকা আয় করেছিলেন সানি।

২০২৩ সালে মুক্তি পাওয়া তেলুগু ছবি 'ওয়াল্টেয়ার ভিরায়া'তে নাচের দৃশ্যে অভিনয় করে দু'কোটি টাকা পারিশ্রমিক পেয়েছেন উর্বশী রাউতেলা।

২০১২ সালে হৃতিক রোশন এবং সঞ্জয় দত্ত অভিনীত 'অগ্নিপথ' ছবিটি প্রেক্ষাগৃহে মুক্তি পায়। এই ছবির 'চিকনি চামেলি' গানে নেচে দু'কোটি টাকা আয় করেছিলেন বলি অভিনেত্রী ক্যাটরিনা কাইফ।

'গলিয়ো কি রাসলীলা রামলীলা' ছবির 'আইটেম সং'-এ অভিনয় করে ছয়কোটি টাকা উপার্জন করেছিলেন প্রিয়ঙ্কা চোপড়া জোনাস।

'পুষ্পা' ছবিতে 'ও অন্তাভা' গানের দৃশ্যে অভিনয় করে পাঁচ কোটি টাকা পারিশ্রমিক পেয়েছিলেন দক্ষিণী তারকা সামান্থা রুথ প্রভু।

'আইটেম সং'-এ অভিনয় করতে পাঁচ কোটি টাকা পারিশ্রমিক দাবি করেন বলি অভিনেত্রী সোনাক্ষী সিনহা।

বলিউডের 'আইটেম সং'গুলির মধ্যে অন্যতম 'মুন্নি বদনাম হুয়ি'। এই নাচের দৃশ্যে অভিনয় করতে দু'কোটি টাকা পারিশ্রমিক নিয়েছিলেন মালাইকা অরোরা।

একাধিক হিন্দি ছবিতে 'আইটেম সং'-এ অভিনয় করতে দেখা গিয়েছে নোরা ফাতেহিকে। বলিপাড়া সূত্রে খবর, এক একটি নাচের দৃশ্যে অভিনয় করতে দু'কোটি টাকা পারিশ্রমিক আদায় করেন নোরা।

অক্ষয় কুমারের 'গব্বর ইজ ব্যাক' ছবিতে একটি 'আইটেম সং'-এ অভিনয় করতে দেখা গিয়েছিল চিত্রাঙ্গদা সিংকে। শোনা যায়, এই নাচের দৃশ্যে অভিনয় করে ৬০ লক্ষ টাকা আয় করেছিলেন অভিনেত্রী।

সম্প্রতি প্রেক্ষাগৃহে মুক্তি পেয়েছে হরর কমেডি ঘরানার ছবি 'স্ত্রী ২'। এই ছবিতে 'আইটেম সং' ছাড়াও কয়েক মিনিটের দৃশ্যে অভিনয় করেছেন তমান্না ভাটিয়া। বলিপাড়া সূত্রে খবর, 'আইটেম সং'-এর জন্য গান প্রতি ৫০ লক্ষ টাকা পারিশ্রমিক আদায় করেন তমান্না।

বলিপাড়ার অধিকাংশের দাবি, 'আইটেম সং'-এ অভিনয় করতে এক থেকে দু'কোটি টাকা পারিশ্রমিক আদায় করেন কারিনা কাপূর খান।

'রামাইয়া বাস্তবাইয়া' ছবিতে একটি 'আইটেম সং'-এ দেখা গিয়েছিল বলি অভিনেত্রী জ্যাকলিন ফার্নান্ডেজকে। শোনা যায়, এই নাচের দৃশ্যে অভিনয় করে ৪০ লক্ষ টাকা উপার্জন করেছিলেন তিনি।

একাধিক হিন্দি ছবিতে 'আইটেম সং'-এ অভিনয় করতে দেখা যেত মল্লিকা শেরাওয়াতকে। 'আইটেম সং'-এ অভিনয় করতে কয়েক লক্ষ টাকা আয় করতেন মল্লিকা।

## সিকান্দর হয়ে উঠতে ব্যাপক প্রস্তুতি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চলতি বছরের এপ্রিলে সালমান খানের বাড়িতে চলে গুলি। এরপর একে একে নানা আপডেট এসেছে। ছয়জনকে গ্রেপ্তার করা হলেও, কে বা কারা প্রকৃত দোষী এখনো প্রকাশ্যে আসেনি বলা চলে। সালমান খান এবং এআর মুরুগাদোসের অ্যাকশন-প্যাকড থ্রিলার সিনেমা 'সিকান্দর' নিয়ে মানুষের মধ্যে প্রবল আগ্রহ। নানা ধরনের আপডেটও এসেছে বহু সময়ে।

সম্প্রতি শোনা গিয়েছে এই ছবিতে দ্বৈত চরিত্রে দেখা যাবে সালমান খানকে। ২২ আগস্ট থেকে শুরু হওয়া একটি বিশেষ অ্যাকশন সিকোয়েন্সের জন্য প্রায় ১০ হাজার পিস্তল এবং গুলি অর্ডার করা হয়েছে। দৈনিক ভাস্করের প্রতিবেদন অনুযায়ী, সালমানের আসন্ন সিনেমায় 'সিকান্দর'-এ একজন ব্যবসায়ীর ভূমিকায় অভিনয় করছেন।

যিনি সমাজে ভালো কাজের জন্য সুপরিচিত। 'দাবাং'-এও তার একটি ভূমিকা রয়েছে। প্রতিবেদন অনুসারে, ২২ আগস্ট থেকে একটি অ্যাকশন সিকোয়েন্সের জন্য প্রস্তুতি নিচ্ছে।

**৪০ দিনের সিডিউলে শুট করা হবে**

রোমাঞ্চে ভরপুর এই সিনেমার বেশকিছু সিকোয়েন্স তৈরির জন্য প্রস্তুতিও শুরু হয়েছে এবং প্রায় ১০ হাজার গুলি ও পিস্তলের অর্ডার দেয়া হয়েছে। 'মিড-ডে'-এর একটি প্রতিবেদন অনুসারে, এই হাই অ্যাকশন সিকোয়েন্সটি ৪০ দিনের সিডিউলে শুট করা হবে। প্রতিবেদন অনুসারে, চলচ্চিত্র নির্মাতারা একটি ভালো মানুষের ভূমিকায় অভিনেতাকে হাই অ্যাকশন সিকোয়েন্স দিয়ে দর্শকদের আকৃষ্ট করার পরিকল্পনা করছেন।

**ভিলেনের ছেলের সঙ্গে প্রচণ্ড লড়াইয়ের দৃশ্য**

জানা গিয়েছে, প্রথম সিডিউল চলাকালীন সালমান খান একটি ব্যক্তিগত চার্টার্ড প্লেনে ভিলেনের ছেলের সঙ্গে একটি মারাত্মক লড়াইয়ের দৃশ্য শুট করেছিলেন। 'বাহুবলী' তারকা সত্যরাজ ছবির অ্যাকশন সিকোয়েন্সে অন্যরকম আকর্ষণ তৈরি করেছেন।

**'সিকান্দর' ছবির জন্য পুরোপুরি প্রতিশ্রুতিবদ্ধ সালমান**

সালমান তার আসন্ন সিনেমা 'সিকান্দর'-এর জন্য সম্পূর্ণ প্রতিশ্রুতিবদ্ধ। যা ২০২৫ সালের ঈদে মুক্তি পেতে চলেছে। এই ছবির শুটিংয়ের কারণে গত দুই মাস অনেক প্রোজেক্ট থেকে নিজেকে দূরে রেখেছেন তিনি।

## ধর্ষকের শাস্তি ফাঁসি চাইলেন দেব



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** পশ্চিমবঙ্গের আরজি কর হাসপাতালের তরুণী চিকিৎসক ধর্ষণ ও হত্যার ঘটনায় উত্তাল ভারতের কলকাতা। এই চরম অন্যায়ের প্রতিবাদে রাস্তায় নেমেছে সকল শ্রেণীর মানুষ।

টালিউড তারকারাও রয়েছেন। চাইছেন ধর্ষকের বিচার। দেবেরও একইমত। ধর্ষকের ফাঁসি চাইছেন তিনি।

ভারতীয় এক সংবাদমাধ্যমকে দেব বলেন, 'যারা ধর্ষণ করবে তাদের একটাই শাস্তি, ফাঁসি' এ সময় ভারতের প্রধানমন্ত্রীর কাছে রাজনৈতিক আবেদনও জানান নায়ক।

তিনি আরও বলেন, 'যা হয়েছে অত্যন্ত দুঃখজনক ঘটনা। আমরা সবাই চাই, বাংলার প্রত্যেকটা মানুষ ভারতবর্ষের প্রত্যেকটা মানুষ চাই যে যারা রেপিস্ট, যারা এর সঙ্গে যুক্ত আছে তাদের সবার ক্যাপিট্যাল পানিশমেন্ট দরকার।

আজ থেকে নয়, দুই-আড়াই বছর আগে থেকে বলছি যে যতদিন না মানুষের মধ্যে ভয় হবে, যতদিন না মানুষ ভয় পাবে ততদিন এই ধর্ষণের ঘটনা ঘটতে থাকবে। আমাদের এখনই ধর্ষকদের ক্যাপিটাল পানিশমেন্ট দেওয়া শুরু করতেই হবে।'

১৪ আগস্ট রাত দখলের কর্মসূচির প্রশংসা করে তিনি বলেন, স্বাধীনতার পর এত বড় এত সুন্দরভাবে একটা আন্দোলন দেখল ভারতবর্ষ।

প্রসঙ্গত, শুরু থেকেই আন্দোলনে নৈতিক সমর্থন ছিল দেবের। তবে প্রেমিকা রুক্মিণী মৈত্রকে নিয়ে ছুটিতে কলকাতার বাইরে ছিলেন। তাই যোগ দিতে পারেননি। কিন্তু প্রতিবাদকারীদের সমর্থন জানিয়ে ১৪ আগস্ট নিজের সিনেমা খাদানের পূর্বাভাসের মুক্তি পিছিয়ে দেন।

## বিচার পাব কিনা জানি না, তবে প্রতিবাদ চলবে



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** এখনো রেশ কাটেনি পশ্চিমবঙ্গে আরজি করে চিকিৎসককে ধর্ষণ ও খুনের ন্যাক্কারজনক ঘটনার।বিচার না পাওয়া পর্যন্ত মাঠ ছাড়ছেন না দেশটির জনসাধারণ। সমানতালে প্রতিবাদ জানাচ্ছেন বিনোদন মহলের ব্যক্তিত্বরাও; বলা যায় প্রায় প্রত্যেক তারকা-শিল্পীরাই কঠোরভাবে এই ন্যাক্কারজনক কাণ্ডের বিচার চেয়েছেন।

সম্প্রতি আর্টিস্ট ফোরামের পক্ষ থেকে একটি প্রতিবাদী সমাবেশের আয়োজন করা হয়। সেখানে যোগ দিয়ে এই ঘটনার প্রতিবাদে কথা বলেন টালি অভিনেত্রী পাওলি দাম।

পাওলি দাম সাংবাদিকদের জানান, 'বিচার পাব কিনা জানি না। তবে আমাদের পক্ষে যতটা সম্ভব প্রতিবাদ করব। কারণ আজ এই ২০২৪ সালে দাঁড়িয়ে কর্মক্ষেত্রে মেয়েদের নিরাপত্তার আশু প্রয়োজন। তাই রোদ, ঝড়, জল, বৃষ্টি সব উপেক্ষা করেই পথে নামছি আমরা।'

পাওলি আরো বলেন, তবে শুধু কাজের ক্ষেত্রে নয়। বর্তমান অবস্থায় দাঁড়িয়ে ছেলে মেয়ে নির্বিশেষে সব মানুষের নিরাপত্তা চাই। বাড়ি থেকেই এই নিরাপত্তা শুরু হবে। রাস্তায় নিরাপত্তা চাই। কাজ করতে গিয়ে যেন শান্তিতে কাজ করতে পারি। সেখানেও নিরাপত্তা চাই। আমার প্রিয় শহরে, কলকাতার বুকে এমন একটা জঘন্য ঘটনা ঘটেছে, এটা ভাবতেই পারছি না। এদিকে আমরা নিজেদের শিক্ষিত বলে জাহির করি। আর সেখানেই কিনা এমন ঘটনা! কঠিন আইনের খুব দরকার।

এদিন কলকাতায় এই আর্টিস্ট ফোরামের সমাবেশে যোগ দেন দেব, রূপা গঙ্গোপাধ্যায়সহ অনেককেই যোগ দিতে দেখা যায়। দেব ও রূপয়া পাশাপাশি বসে অনেকক্ষণ এই বিষয়ে আলোচনাও করেন বলে জানা যায়। এছাড়াও টালিউডের আরও একাধিক নামী মুখকেও দেখা যায় এই সমাবেশে।

## ইংল্যান্ডের অন্তর্বর্তীকালীন

# প্রধান কোচ ট্রেসকোথিক



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পরপর দুই বিশ্বকাপে ব্যর্থতার পর ইংল্যান্ডের সাদা বলের প্রধান কোচের দায়িত্ব থেকে ম্যাথু মটকে সরিয়ে দেওয়া হয়। এরপর থেকেই সে পদে কুমার সাঙ্গাকারা ও অ্যান্ড্রু ফ্লিনটফের নামটা এসেছিল জোরেশোরে। কিন্তু ফ্লিনটফ বা সাঙ্গাকারাকে এখনই পাচ্ছে না ইংল্যান্ড। তাই বাধ্য হয়ে অন্তর্বর্তীকালীন প্রধান কোচ হিসেবে মার্কাস ট্রেসকোথিককে নিয়োগ দিয়েছে ইংল্যান্ড ও ওয়েলস ক্রিকেট বোর্ড (ইসিবি)। ইংল্যান্ডের সাবেক এই ওপেনিং ব্যাটার বর্তমানে দেশটির সহকারী কোচ হিসেবে কাজ করছেন। তার অধীনে আগামী সেপ্টেম্বরে চিরপ্রতিদ্বন্দ্বী অস্ট্রেলিয়ার বিপক্ষে সীমিত ওভারের সিরিজ খেলবে জস বাটলাররা। শ্রীলঙ্কার বিপক্ষে চলমান সিরিজের তৃতীয় টেস্টের আগেই সীমিত ওভারের সিরিজের জন্য দলের সাথে যুক্ত হবেন তিনি।

নতুন দায়িত্ব পেয়ে বিস্মিত মার্কাস ট্রেসকোথিক বলেছেন, 'এই ধরনের দায়িত্ব পাব সেটা আমি ভাবতেও পারিনি। তাই আপাতত অস্ট্রেলিয়ার বিপক্ষে সিরিজ ছাড়া অন্য কিছু ভাবছি না। তার আগে টেস্ট দলের সঙ্গে কাজ করাতেই আমি মনোনিবেশ করেছি।'

ট্রেসকোথিক অবশ্য এরপরেই শীতকালীন সূচির দিকেও নিজের মনোযোগ ফিরিয়েছেন, 'আমাদের টানা সিরিজ রয়েছে শীতকালে। প্রথমে পাকিস্তান, তারপর নিউজিল্যান্ড। ফলে একটু সময়ের জন্য বসে খুব বেশি ভাবার সময় নেই। আমি দায়িত্ব পেয়ে যথেষ্ট উচ্ছসিত, এখন কাজ করার দিকেই মনোনিবেশ করতে চাই। ভবিষ্যতের কথা ভবিষ্যতেই ভাবতে চাই।' কাউন্টি ক্রিকেটে সমারসেট দলের হয়ে অধিনায়ক জস বাটলারের সঙ্গে দীর্ঘদিন কাজ করেছেন সীমিত ওভারের ফরম্যাটে ইংল্যান্ডের নতুন কোচ মার্কাস ট্রেসকোথিক। দুজনের সেই পুরাতন বোঝাপড়া কাজে লাগিয়েই সাফল্য খুঁজতে চাইছে ইংলিশ ক্রিকেট বোর্ড।

# ব্রাজিল দলে ডাক পেলেন ১৭ বছরের এস্তেভাও




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আগামী মাসে ইকুয়েডর ও প্যারাগুয়েের বিপক্ষে ২০২৬ বিশ্বকাপ বাছাইপর্বের ম্যাচকে সামনে রেখে ব্রাজিল দলে ডাক পেয়েছেন চেলসির সাথে আগামী বছর চুক্তি করতে যাওয়া ফরোয়ার্ড ১৭ বছর বয়সী এস্তেভাও উইলিয়ান। আগামী মৌসুমে ১৮ বছর হবার পর পালমেইরাস থেকে চেলসিতে যোগ দিবেন এস্তেভাও। ইতোমধ্যেই দক্ষিণ আমেরিকার অন্যতম আকর্ষণীয় প্রতিভা হিসেবে তাকে বিবেচনা করা হচ্ছে। গত নভেম্বরে মত্র ১৭ বছর বয়সে কলম্বিয়ার বিরুদ্ধে ব্রাজিলের জার্সি গায়ে এনড্রিকের অভিষেক হবার পর এখন আরেক টিনএজার এস্তেভাওকে দলে নিল সেলেসাওরা। মার্চে ইংল্যান্ডের হয়ে ১-০ গোলের জয়ের ম্যাচটিতে গোলও করেছেন এনড্রিক। গত মাসে ছয় বছরের চুক্তিতে ইউরোপীয়ান চ্যাম্পিয়ন রিয়াল মাদ্রিদের সাথে চুক্তি সম্পন্ন করেছেন এনড্রিক। পালমেইরাসের হয়ে পেশাদার ক্যারিয়ার শুরু করেছিলেন এনড্রিক। বাছাইপর্বের জন্য ব্রাজিল কোচ ডোরিভাল জুনিয়র বার্সেলোনা উইঙ্গার রাফিনহা ও আর্সেনাল ফরোয়ার্ড গ্যাব্রিয়েল মার্টিনেলিকে বাদ দিয়েছেন। তবে এই দলে জায়গা ধরে রেখেছেন ভিনিসিয়াস জুনিয়র ও রডরিগো। গত অক্টোবরে হাঁটুর গুরুতর ইনজুরিতে পড়া নেইমার এখনো সুস্থ হয়ে মাঠে ফিরতে পারেননি। পাঁচবারের বিশ্ব চ্যাম্পিয়নরা এই মুহূর্তে ১০ দলের বাছাইপর্বের টেবিলের ষষ্ঠ স্থানে রয়েছে। প্রথম ছয় ম্যাচে ব্রাজিল মাত্র দুটিতে জয়ী হয়েছে। আগামী ৬ সেপ্টেম্বর কুরিটিবাতে ইকুয়েডর ও চারদিন পর অসানসিওনে প্যারাগুয়েের মোকাবেলা করবে ব্রাজিল।

বাছাইপর্বের শেষ তিনটি ম্যাচে পরাজিত হয়েছে সেলেসাওরা। জুনে যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিত কোপা আমেরিকায় কোয়ার্টার ফাইনালে উরুগুয়ের কাছে পেনাল্টিতে পরাজিত হয়ে বিদায় নেয় ডোরিভালের দল।

স্কোয়াড :

গোলরক্ষক : এ্যালিসন, বেনটো, এডারসন

ডিফেন্ডার : ডানিলো, ইয়ান কুটো, গুইলহারমে আরানা, ওয়েন্ডল, লুকাস বেরালডো, এডার মিলিটাও, গ্যাব্রিয়েল মাগালহেস, মারকুইনহোস

মিডফিল্ডার : আন্দ্রে, ব্রুনো গুইমারায়েস, জারসন, হুয়াও গোমেজ, লুকাস পাকুয়েটা

ফরোয়ার্ড : এনড্রিক, এস্তেভাও, লুইজ হেনরিক, পেড্রো, রডরিগো, সাভিনহো, ভিনিসিয়াস জুনিয়র

# বার্সার দুর্দান্ত জয়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** জয়ের ধারা অব্যাহত রেখে অ্যাথলেটিক বিলবাওয়ের বিপক্ষে ২-১ গোলে জিতেছে বার্সেলোনা। প্রথম ম্যাচে জোড়া গোলের পর দ্বিতীয় ম্যাচেও গোল করে জয়ে অবদান রেখেছে লেভানডভস্কি। ইয়ামাল-লেভার গোলে মূলত জয় পেয়েছে হ্যান্সি ফ্লিকের শিষ্যরা।


ঘরের মাঠে শনিবার ম্যাচজুড়ে দাপুটে ফুটবল খেলেছে বার্সা। ম্যাচের ২৪ মিনিটেই বার্সাকে এগিয়ে দেন ইয়ামাল। বক্সের বাইরে বল পেয়ে দারুণ এক শটে লক্ষ্যভেদ করেন ১৭ বছর বয়সী এই তারকা। অবশ্য সমতা ফেরাতে বেশি সময় নেয়নি বিলবাও। বার্সার ডিফেন্ডার পাউ কুবারসি ডি বক্সের ভিতরে ফাউল করলে পেনাল্টি পেয়ে যায় বিলবাও। স্পট কিক থেকে গোল করে দলকে সমতায় ফেরান ওইহান সানচেট।

৭৫ মিনিটে দারুণ এক ভলিতে গোল করে বার্সাকে এগিয়ে নেন পোলিশ স্ট্রাইকার লেভানডভস্কি। আরও কিছু সুযোগ পেয়েছিলেন তিনি। তবে সহজ সুযোগ থেকে গোল করতে ব্যর্থ হন তিনি।

এদিন ৬৬ শতাংশ বলের দখল রেখে ১৩ শট নিয়ে ৫টি লক্ষ্যে রাখে বার্সেলোনা। আর বিলবাও ৯ শট নিয়ে লক্ষ্যে রাখে মাত্র ২টি। এই জয়ে জয়ের ধারা অব্যাহত থাকল বার্সার।

## ইংলিশ প্রিমিয়ার লিগ:

# দ্বিতীয় ম্যাচেই ধাক্কা খেল ইউনাইটেড



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** জয় দিয়ে ইংলিশ প্রিমিয়ার লিগ শুরু করলেও দ্বিতীয় ম্যাচেই ধাক্কা খেয়েছে ম্যানচেস্টার ইউনাইটেড। ব্রাইটনের কাছে শেষ মুহূর্তের গোলে ২-১ ব্যবধানে হেরেছে তারা।

আমেরিকান এক্সপ্রেস স্টেডিয়ামে ৩২ মিনিটে ব্রাইটনকে এগিয়ে দেন ড্যানি ওয়েলবেক। কাউরু মিতোমার ক্রস থেকে সাবেক ক্লাবের বিরুদ্ধে গোলটি করেন তিনি। পিছিয়ে থেকে বিরতিতে গেলেও দ্বিতীয়ার্ধে ঘুরে দাঁড়ায় ইউনাইটেড। ৬০ মিনিটে তাদের সমতায় ফেরান আমাদ দিয়ালো।

তারপরও পয়েন্ট খোয়ানোর দিকেই এগোচ্ছিল রেড ডেভিলরা। কিন্তু শেষ পর্যন্ত কোনো পয়েন্ট হাতে না নিয়েই মাঠ ছাড়তে হলো তাদের। যোগ করা সময়ের পঞ্চম মিনিটে সিমোন আদিংরার চিপ থেকে ব্রাইটনকে জয়সূচক গোল এনে দেন জোয়াও পেদ্রো। টানা দুই ম্যাচে দুই জয় নিয়ে টেবিলের শীর্ষে আছে ব্রাইটন। ৩ পয়েন্ট নিয়ে আটে ইউনাইটেড।

# শুরুর আগেই শেষ

## হেইজেলউডের স্কটল্যান্ড সিরিজ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ফের চোট হানা দিয়েছে অস্ট্রেলিয়ার পেস বোলিং বিভাগে। স্পেন্সার জনসনের পর এবার ছিটকে গেছেন জশ হেইজেলউড। শুরুর আগেই শেষ হয়ে গেছে অভিজ্ঞ পেসারের স্কটল্যান্ড সিরিজ।

স্কটিশদের বিপক্ষে তিনটি টি-টোয়েন্টি খেলবে অস্ট্রেলিয়া। সিরিজটির জন্য হেইজেলউডের বদলি হিসেবে রাইলি মেরেডিথকে দলে ডেকেছে তারা। আসন্ন সিরিজের জন্য প্রস্তুতি নেওয়ার পথেই বিপদে পড়েন হেইজেলউড। গত সপ্তাহে অনুশীলনের সময় পেশিতে টান লাগে তার। চোট অবশ্য গুরুতর নয়। সেপ্টেম্বরে ইংল্যান্ডের বিপক্ষে টি-টোয়েন্টি ও ওয়ানডে সিরিজে তার খেলতে পারা নিয়ে আশাবাদী অস্ট্রেলিয়া।

লম্বা সময় পর টি-টোয়েন্টিতে অস্ট্রেলিয়ার প্রতিনিধিত্ব করার সুযোগ মেরেডিথের সামনে। এই সংস্করণে দেশের হয়ে খেলা পাঁচ ম্যাচের সবশেষটি খেলেন তিনি ২০২১ সালে।

মেরেডিথসহ স্কটল্যান্ড সিরিজের অস্ট্রেলিয়া দলে বিশেষজ্ঞ পেসার জাভিয়ার বার্টলেট, শন অ্যাবট ও ন্যাথান এলিস। পেস বোলিং অলরাউন্ডার হিসেবে আছেন ক্যামেরন গ্রিন, অ্যারন হার্ডি, মার্কাস স্টয়নিস ও মিচেল মার্শ। স্পিনার বিভাগ সামলাবেন লেগ স্পিনার অ্যাডাম জ্যাম্পা ও কুপার কোনোলি। স্কটল্যান্ডের উদ্দেশে সোমবার দেশ ছাড়বে অস্ট্রেলিয়া। দুই দলের ম্যাচ তিনটি মাঠে গড়াবে ৪, ৬ ও ৭ সেপ্টেম্বর।

স্কটল্যান্ড সিরিজের অস্ট্রেলিয়া দল: মিচেল মার্শ (অস্ট্রেলিয়া), শন অ্যাবট, জাভিয়ার বার্টলেট, কুপার কোনোলি, টিম ডেভিড, ন্যাথান এলিস, জেইক ফ্রেজার-ম্যাকগার্ক, ক্যামেরন গ্রিন, অ্যারন হার্ডি, ট্রাভিস হেড, জশ ইংলিস, রাইলি মেরেডিথ, মার্কাস স্টয়নিস, অ্যাডাম জ্যাম্পা।

# রিয়াল মাদ্রিদ: এক মাসের জন্য মাঠের বাইরে বেলিংহাম



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অনুশীলনে ডান পায়ের পেশীর ইনজুরিতে পড়েছেন রিয়াল মাদ্রিদ মিডফিল্ডার জুড বেলিংহাম। ক্লাব সূত্র এই তথ্য নিশ্চিত করেছে।

একটি সূত্র ইএসপিএন'কে নিশ্চিত করেছে সেপ্টেম্বরের মাঝামাঝি নাগাদ আন্তর্জাতিক বিরতি পর্যন্ত বেলিংহামকে মাঠের বাইরে থাকতে হতে পারে। ইনস্টাগ্রামে পোস্টে ইংলিশ এই মিডফিল্ডার নিজের হতাশা ব্যক্ত করেছেন। একইসাথে মাদ্রিদ ও জাতীয় দলের হয়ে অতিরিক্ত চাপের বিষয়টি নিয়েও শঙ্কা প্রকাশ করেছেন। এ সম্পর্কে তিনি বলেন, 'আমি কোনভাবেই ম্যাচে অনুপস্থিত থাকার বিষয়টি মেনে নিতে পারিনা। কিন্তু এটাও একটি ইতিবাচক দিক হতে পারে। হয়তোবা আমার শরীরও কিছুদিনের বিশ্রাম চাইছে। ব্যস্ত একটি বছর কাটানোর পর কিছুটা বিশ্রামেরও প্রয়োজন রয়েছে। আমি সত্যিই দারুন হতাশ। আবারো নিজের সেরা ও শক্তিশালী ফর্ম নিয়ে সমর্থকদের সামনে উপস্থিত হবার আগ পর্যন্ত শান্তি পাচ্ছিনা। সকলে আমাকে নিয়ে শঙ্কা প্রকাশ করেছে, এজন্য তাদেরকে ধন্যবাদ। সকলের জন্য অনেক ভালবাসা রইলো।'

গত মৌসুমে মাদ্রিদের হয়ে লা লিগায় ১৯ গোল করেছেন বেলিংহাম। গত সপ্তাহে উয়েফা সুপার কাপে আটালান্টাকে হারিয়ে মৌসুমের প্রথম শিরোপা জয়ের ম্যাচটিতে সেরা খেলোয়াড় মনোনীত হয়েছেন। ক্লাবের এক বিবৃবিতে বলা হয়েছে, 'ক্লাবের মেডিকেল বিভাগ বেলিংহামের বেশ কিছু পরীক্ষা করেছে। তার ডান পায়ের পেশীতে ইনজুরির মাত্রা ধরা পড়েছে।' যদিও ক্লাবের পক্ষ থেকে নিশ্চিতভাবে তার ফেরার সময়সীমা সম্পর্কে জানানো হয়নি। রোববার সান্তিয়াগো বার্নাব্যুতে মৌসুমের প্রথম হোম ম্যাচে রিয়াল ভায়াদোলিদের মোকাবেলা করবে মাদিদ্র। গত সপ্তাহে মায়োর্কার সাথে ১-১ গোলের ড্র দিয়ে মৌসুম শুরু করেছে মাদ্রিদ। এই ম্যাচের মাধ্যমে কিলিয়ান এমবাপ্পের রিয়ালের জার্সিতে অভিষেক হয়েছে। গত মৌসুমে লা লিগা ও চ্যাম্পিয়ন্স লিগ জয়ী দলে এবার ফরাসি তারকা এমবাপ্পে যুক্ত হওয়ায় ২০২৪-২৫ মৌসুমে মাদ্রিদের কাছ থেকে প্রত্যাশার মাত্রা আরো বেড়ে গেছে। যদিও মৌসুমের প্রথম ম্যাচেই মায়োর্কার সাথে পয়েন্ট হারানোয় মাদ্রিদকে বেশ সমালোচনার মুখে পড়তে হয়েছে।

## হল্যান্ডের হ্যাটট্রিকে বড় জয় সিটির



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আর্লিং হল্যান্ডের হ্যাটট্রিক আর ৪ মিনিটের ঝড়ে প্রতিপক্ষকে লণ্ডভণ্ড করে দিয়েছে ম্যানচেস্টার সিটি। শনিবার (২৪ আগস্ট) রাতে আল ইতিহাদে ইপসউইচ টাউনকে ৪-১ ব্যবধানে হারিয়েছে সিটিজেনরা। দলের হয়ে অন্য গোলটি করেন কেভিন ডি ব্রুইনা।

এই জয়ে নতুন মৌসুমের দুটি ম্যাচেই জয় পেলো ম্যানসিটি। টানা পঞ্চম লিগ শিরোপা জয়ের লক্ষ্যে শুরুটা বেশ দারুণ ভালোই করলো পেপ গার্দিওলার শিষ্যরা। এদিন ম্যাচের সপ্তম মিনিটেই এগিয়ে যায় ইপসউইচ। শুরুর দিকে গোল হজমের পরই মূলত ফুঁসে উঠে সিটির ফুটবলাররা।

এরপরই দলটির হয়ে রাগের বিস্ফোরণ ঘটান হল্যান্ড। ম্যাচের ১২তম মিনিটেই গোল করেন নরওয়েজিয়ান এই ফুটবলার। পেনাল্টি শুটে দলকে সমতায় ফেরান এই ফরোয়ার্ড।

ম্যাচের ১৬তম মিনিটে ফের গোল করেন দীর্ঘদেহী এই ফরোয়ার্ড। তবে দুই মিনিট আগেই গোল ব্যবধান বাড়িয়েছিলেন ডি ব্রুইনা। এতে ৪ মিনিট ব্যবধানে তিন গোলের দেখা পেয়ে যায় ম্যানসিটি। এরপর ম্যাচের একদম শেষদিকে চতুর্থ গোলের দেখা পেয়েছে সিটি। ম্যাচের ৮৮তম মিনিটে চলতি মৌসুমে নিজের প্রথম হ্যাটট্রিক করেন হল্যান্ড। ডি-বক্সের ১৮ গজ বাইরে থেকে রকেট শটে গোল করেন এই নরওয়েজিয়ান। এরপর পূর্ণ পয়েন্ট নিয়েই মাঠ ছাড়ে ম্যানসিটি।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR